# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Falgun 20, 1430 Bangla, March 04, 2024, Monday, No. 64, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina asks all concerned, especially the field level administration, to ensure that the building code is maintained in the construction of buildings across the country. (R. Today: 10)

Foreign Minister Dr Hasan Mahmud strongly condemns the ongoing Israeli attack in Gaza and calls for a united effort to stop crimes against humanity. (VOA: 6; Jago FM: 16)

Health Minister Prof. Dr Samanta Lal Sen asks for the cooperation of DCs to continue the campaign against illegal hospitals & clinics in every district & upazila of the country. (Jago FM: 16)

BNP SJSG R K Rizvi says govt. is increasing the price of goods without thinking about the people. Adds, electricity price has been increased for the profit of aggressive syndicate of AL. (R. Today: 10)

Labour Appellate Tribunal extends the bail of Nobel laureate Dr M Yunus in the case of violation of labor laws. However, how many days of bail have been given will be announced later. (BBC: 4; R. Today: 11)

The presence of foreign diplomats was noticeable in the court centering the bail of Prof M Yunus. Four representatives from US, UK, Netherlands & EU appear at Labour Appellate Tribunal. (BBC: 3)

The Appellate Division has upheld the sentence of five months imprisonment & a fine of Tk 2,000 given by the HC to BNP Chairperson's advisor HR Habib. He was sentenced to contempt of court. (VOA: 7)

A writ petition has been filed with the High Court seeking directives to shut down restaurants in residential buildings due to safety concerns and demanding the arrest of culprits responsible for a fire at Green Cozy Cottage and compensation for victims' families. (R. Today: 12)

There is dollar crisis in Bangladesh and the reserve is decreasing. Now the amount of reserves is 19.94 billion dollars. So, the government wants to improve the situation through offshore banking. (DW: 9)

SANEM Executive Director says, 5% incentive on remittance will help to increase remittance temporarily. In order to increase remittances, hundi and money laundering should be stopped. (VOA: 5)

Ukrainian President Volodymyr Zelensky has called on Western allies to deliver more air defence systems after at least eight people were killed in a Russian drone strike on Odesa. (BBC: 19)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ২০, বাংলা ১৪৩০, মার্চ ০৪, ২০২৪, সোমবার, নং- ৬৪, ৫৪তম বছর**

# শিরোনাম

সারাদেশের ভবন নির্মাণে বিল্ডিং কোড বজায় রাখার বিষয়টি নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট সবাইকে বিশেষ করে মাঠ পর্যায়ের প্রশাসন কে নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (রে. টুডে : ১০)

গাজায় চলমান ইসরাইয়েলি হামলার তীব্র নিন্দা জানিয়ে সেখানে মানবতার বিরুদ্ধে অপরাধ বন্ধের জন্য ঐক্যবদ্ধ উদ্যোগের আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। (ভোয়া : ৬; জাগো এফএম : ১৬)

দেশের প্রতিটি জেলা-উপজেলায় থাকা অবৈধ হাসপাতাল, ক্লিনিকের বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখতে ডিসিদের সহযোগিতা চেয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। (জাগো এফএম : ১৬)

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন জনগণের কথা চিন্তা না করেই সরকার দ্রব্যমূল্য বাড়াচ্ছে। আওয়ামী লীগের আগ্রাসি সিন্ডিকেটের মুনাফার জন্য সরকার বিদ্যুতের দাম বৃদ্ধি করেছে বলেও মন্তব্য করেন তিনি। (রে. টুডে : ১০)

শ্রম আইন লঙ্ঘনের মামলায় শান্তিতে নোবেল জয়ী ড. মুহাম্মদ ইউনূসের জামিনের মেয়াদ বাড়িয়েছেন শ্রম আপিলের ট্রাইবুনাল। তবে কত দিনের জামিন দেয়া হয়েছে সে ব্যাপারে সিদ্ধান্ত পরে জানানো হবে। (বিবিসি : ৪; রে. টুডে : ১১)

অধ্যাপক মুহাম্মদ ইউনূসের জামিনকে ঘিরে আদালতে বিদেশি কূটনীতিকদের উপস্থিতি ছিলো চোখে পড়ার মতো। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, নেদারল্যান্ডস এবং ইউরোপীয় ইউনিয়নের চারজন প্রতিনিধিকে শ্রম আপিল ট্রাইব্যুনালে দেখা যায় (বিবিসি : ৩)

বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা হাবিবুর রহমান হাবিবকে হাইকোর্টের দেয়া পাঁচ মাসের কারাদণ্ড ও দুই হাজার টাকা জরিমানার রায় বহাল রেখেছে আপিল বিভাগ। আদালত অবমাননার দায়ে তাকে এই দণ্ড দেয়া হয়েছিলো। (ভোয়া : ৭)

সব আবাসিক স্থাপনায় রেস্টুরেন্ট বন্ধের নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে। একই সঙ্গে রিটে বেইলি রোডে অবস্থিত গ্রিন কোজি কটেজ ভবনে অগ্নিকাণ্ডে প্রকৃত দায়ীদের গ্রেফতার এবং হতাহতদের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশনা চাওয়া হয়েছে। (রে. টুডে : ১২)

বাংলাদেশ ডলার সংকটে আছে। আর রিজার্ভ কমছে। এখন রিজার্ভের পরিমাণ ১৯.৯৪ বিলিয়ন ডলার। তাই অফশোর ব্যাকিংয়ের মাধ্যমে পরিস্থিতির উন্নতি করতে চাচ্ছে সরকার। (ডয়চে ভেলে: ৯)

সানেম এর নির্বাহী পরিচালক বলেছেন, রেমিট্যান্সের ওপর ৫ শতাংশ প্রণোদনা সাময়িকভাবে রেমিট্যান্স বাড়াতে সহায়তা করবে। রেমিট্যান্স বাড়াতে হলে হুন্ডি বন্ধ, মানি লন্ডারিং করতে হবে। (ভোয়া : ৫)

ওডেসায় রাশিয়ার ড্রোন হামলায় অন্তত আটজন নিহত হওয়ার পর ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি পশ্চিমা মিত্রদের আরও বিমান প্রতিরক্ষা ব্যবস্থা সরবরাহের আহ্বান জানিয়েছিলেন। (বিবিসি : ১৯)

# বিবিসি

## বিদেশি কূটনীতিকদের উপস্থিতিতে আদালতে ড. ইউনূসকে ঘিরে দিনভর নাটকীয়তা

বাংলাদেশের নোবেল বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূসের জামিনকে ঘিরে রোববার সারাদিনই আদালতে বিদেশি কূটনীতিকদের উপস্থিতি ছিলো চোখে পড়ার মতো। সকাল থেকেই অধ্যাপক ইউনূসের দুটি মামলার কার্যক্রম পর্যবেক্ষণে শ্রম আপিল ট্রাইব্যুনাল ও মহানগর দায়রা জজ আদালতে বাংলাদেশে অবস্থিত বিভিন্ন দূতাবাসের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, নেদারল্যান্ডস এবং ইউরোপীয় ইউনিয়নের চারজন প্রতিনিধিকে শ্রম আপিল ট্রাইব্যুনালে দেখা যায় এদিন। এজলাসে বসে জামিন আবেদনের শুনানি পর্যবেক্ষণ করতে দেখা যায় তাদের। তবে গণমাধ্যমের সাথে কোনও কথা বলেননি তারা। এরপর দুপুরেও বিচারিক আদালতে অর্থপাচার মামলায় ড. ইউনূস-সহ সাতজনের জামিন আবেদনের শুনানিতে যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের দূতাবাসের দুইজন প্রতিনিধি এজলাসে উপস্থিত ছিলেন। রোববার ঢাকার কাকরাইলে শ্রম আপিল ট্রাইব্যুনালে শ্রম আইন লঙ্ঘনের মামলায় ছয় মাসের কারাদণ্ডপ্রাপ্ত অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসসহ চার আসামির হাজিরার দিন নির্ধারিত ছিল। এ দিন জামিনের মেয়াদ বাড়াতে ট্রাইব্যুনালে আসেন ড. ইউনূস-সহ চারজন। আর অর্থপাচার মামলায় তিনি আত্মসমর্পণ করে জামিন নিতে যান ঢাকার মহানগর দায়রা জজ আদালতে। সকাল দশটা ৪৫ মিনিটে শ্রম আইন লঙ্ঘনের মামলায় ছয় মাসের কারাদণ্ডপ্রাপ্ত অধ্যাপক মুহাম্মদ ইউনূস-সহ চারজন কাকরাইলের শ্রম আপিল ট্রাইব্যুনালে হাজির হন। দশটা ৫০ মিনিটে আদালতের কার্যক্রম শুরু করেন শ্রম আপিল ট্রাইব্যুনালের বিচারক এম এ আউয়াল। এ দিন এ মামলায় জামিনের মেয়াদ বাড়ানোর আবেদন করেন ড. ইউনূস-সহ চারজন। ৩রা মার্চই শেষ হচ্ছে তাদেরকে আগে দেওয়া জামিন। প্রায় পৌনে এক ঘণ্টাব্যাপী শুনানি হয় এ ট্রাইব্যুনালে। অধ্যাপক ইউনূস-সহ চারজনই এজলাসে একই বেঞ্চে বসে শুনানি শুনেন। তাদের পেছনের দুই সারিতে বিদেশি কূটনীতিকরা বসে মামলার কার্যক্রম পর্যবেক্ষণ করেন।

শুনানির শুরুতে অধ্যাপক ইউনূসের আইনজীবী আব্দুল্লাহ আল মামুন বলেন, "ড. ইউনূস তাকে দেওয়া জামিনের অপব্যবহার করেননি কখনো।" আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জামিনের মেয়াদ বাড়ানোর আবেদন করে তিনি বলেন, "ড. ইউনূস পলাতক হবেন এমন মানসিকতা তার নেই। এ ধরনের মামলায় বিচারিক আদালতের রায়ের বিরুদ্ধে আপিল করলে জামিন পাওয়া তার অধিকার", বলে শুনানিতে উল্লেখ করেন এই আইনজীবী। তবে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আইনজীবী খুরশিদ আলম খান আপিল নিষ্পত্তি পর্যন্ত জামিন দেওয়ার বিরোধিতা করেন। তিনি ড. ইউনূসকে সীমিত সময়ের জন্য জামিন দেয়ার আবেদন করেন। শ্রম আপিল ট্রাইব্যুনালে তিনি জানান, "শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে ড. ইউনূসের ছয় মাসের কারাদণ্ডের রায় স্থগিত করে দেওয়া এই আদালতের আদেশের বিরুদ্ধে হাইকোর্টে তারা এর আগে রিভিশন আবেদন করেছেন।" "হাইকোর্ট শ্রম আপিল ট্রাইব্যুনালের আদেশ স্থগিত করে দেয়। একইসাথে রুলও দেয়া হয়। ওই রুলের শুনানি হাইকোর্টে ৬ই মার্চ হবে," বলে আদালতকে জানান খুরশিদ আলম খান। শুনানিতে আদালত বলেন, "নিয়মানুযায়ী বিচারিক আদালতের রায়ের বিরুদ্ধে আপিল হলে তা মঞ্জুর করলে সাজা স্থগিত করা হয়। তবে দণ্ড কখনো স্থগিত করা যায় না।" আদালত এ সময় গণমাধ্যমের সমালোচনা করে বলেন, "ড. ইউনূসকে স্থায়ী জামিন তখন দেওয়া হয়নি। কিন্তু টেলিভিশনে দেখেছি এ ধরনের আদেশের কথা বলা হচ্ছে। এগুলো ক্লিয়ার হওয়া প্রয়োজন।" পরে উভয়পক্ষের শুনানি শেষে ড. ইউনূসসহ চারজনের জামিনের মেয়াদ বাড়ায় শ্রম আপিল ট্রাইব্যুনাল। তবে কত তারিখ পর্যন্ত এ জামিনের মেয়াদ, পরে তা জানানো হবে বলে উন্মুক্ত আদালতে বলেন বিচারক এম এ আউয়াল। একইসাথে ১৬ই এপ্রিল এ মামলার পরবর্তী শুনানির দিন নির্ধারণ করা হয়।

এদিন অধ্যাপক ইউনূসের মামলার বিচারিক কার্যক্রম পর্যবেক্ষণ করতে বেশ কয়েকটি দূতাবাসের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এদের মধ্যে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, নেদারল্যান্ডস, ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিরা কাকরাইলের শ্রম আপিল ট্রাইব্যুনালে আসেন। আদালতের এজলাসে উপস্থিত থেকে তাদের প্রায় পৌনে একঘণ্টার শুনানি পর্যবেক্ষণ করতে দেখা যায়। তবে গণমাধ্যমের সাথে কোনও কথা বলেননি তারা। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আসিফ নজরুল, মানবাধিকার কর্মী শারমিন মুরশিদকেও আদালতের এজলাসে দেখা যায়। আদেশের পর অধ্যাপক ইউনূস ন্যায় বিচার পাওয়ার আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, "আইনি প্রক্রিয়া অব্যাহত থাকুক, এর মধ্যেই আমরা আমাদের কাজগুলো করছি। বিচারিক প্রক্রিয়ায় ন্যায় বিচার পাওয়া যাবে।" গত পহেলা জানুয়ারি এ মামলায় মুহাম্মদ ইউনূসসহ চারজনকে ছয় মাসের কারাদণ্ড ও ৩০ হাজার টাকা করে জরিমানা করে ঢাকার তৃতীয় শ্রম আদালত। শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান অধ্যাপক মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে ২০২১ সালের নয়ই সেপ্টেম্বর মামলাটি করেছিল কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। এ মামলার অভিযোগের মধ্যে রয়েছে, অনিয়মের মাধ্যমে শ্রমিক কর্মচারীদের মধ্যে বণ্টনের জন্য সংরক্ষিত লভ্যাংশের পাঁচ শতাংশ না দেওয়া এবং ১০১ জন শ্রমিকের চাকরি স্থায়ী না করা। এছাড়া গণছুটি না দেয়া, শ্রমিকদের কল্যাণ তহবিল এবং অংশগ্রহণ তহবিল গঠন না করাও অন্যতম অভিযোগ এই মামলার। পরে ২৮শে জানুয়ারি এ রায়ের বিরুদ্ধে শ্রম আপিল ট্রাইব্যুনালে আপিল করা হলে শুনানির জন্য তা গ্রহণ করা হয়। একই সাথে তাদের অন্তর্বর্তীকালীন জামিন দেয় ট্রাইব্যুনাল। রোববার এই জামিনের মেয়াদ বাড়ানোর আদেশ দেয় শ্রম আপিল ট্রাইব্যুনাল। শ্রম আপিল ট্রাইব্যুনাল থেকেই দুর্নীতি দমন

কমিশনের করা অর্থপাচার ও আত্মসাতের মামলায় আত্মসমর্পণ করে জামিন আবেদন করতে বিচারিক আদালতে যান ড. মুহাম্মদ ইউনূস-সহ অন্যান্যরা। এ মামলায় দুদক ২৫ কোটি ২২ লাখ টাকার বেশি অর্থ আত্মসাৎ ও পাচারের অভিযোগ এনেছে অধ্যাপক মুহাম্মদ ইউনূস-সহ মোট ১৪ জনের বিরুদ্ধে।

গত বছরের ৩০শে মে গ্রামীণ টেলিকম শ্রমিক – কর্মচারী কল্যাণ তহবিল থেকে এ অর্থ আত্মসাতের অভিযোগে দুদকের উপপরিচালক গুলশান আনোয়ার মামলাটি করেন। গত পহেলা ফেব্রুয়ারি অভিযোগপত্র দেয় দুদক। এই মামলায় আত্মসমর্পণ করতে দুপুর দুইটা বিশ মিনিটে মহানগর সিনিয়র স্পেশাল বিচারক আস সামছ্ জগলুল হোসেনের আদালতে হাজির হন ড. ইউনূস-সহ অন্যান্যরা। এ সময় আদালতকক্ষে প্রচুর ভিড় ছিল। আইনজীবী আব্দুল্লাহ আল মামুন শুনানিতে ড. ইউনূস-সহ সাতজন আত্মসমর্পণ করেছেন উল্লেখ করে জামিন আবেদন করেন। তবে, দুদকের আইনজীবী মোশাররফ হোসেন কাজল এ জামিন আবেদনের বিরোধিতা করেন। তিনি বলেন, "গ্রামীণ টেলিকমের কর্মচারীদের পাওনার লভ্যাংশ বিতরণে শ্রমিক ইউনিয়ন ও গ্রামীণ টেলিকমের মধ্যে ২০২২ সালের ২৭ এপ্রিল একটি সমঝোতা চুক্তি হয়। ওই বছরের ৮ই মে ব্যাংক হিসাব খোলা হয়, যা বাস্তবে অসম্ভব। কাগজপত্র নকল করে এটা করা হয়েছে। কারণ আগে ব্যাংক একাউন্ট করতে হবে, পরে চুক্তি। ৪৩৭ কোটি টাকা এভাবে হস্তান্তর হয়েছে। ১৬৪ শ্রমিককে ২৬ কোটি টাকা না দিয়ে তা আত্মসাৎ ও পাচার করা হয়েছে", বলেন মি. কাজল। প্রায় আধা ঘণ্টা ধরে এই জামিন আবেদন নিয়ে শুনানি হয়। পরে উভয় পক্ষের শুনানি শেষে আদালত জামিন দেয় ড. ইউনূস-সহ সাত জনকে। বাকি সাতজনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা রয়েছে। এ মামলায় আগামী ২রা এপ্রিল অভিযোগপত্র গ্রহণ করা হবে কি না সে বিষয়ে শুনানির দিন ঠিক করেছে আদালত। এটিই ড. ইউনূসের বিরুদ্ধে অর্থপাচারের একমাত্র মামলা। এ মামলায় জামিন পাওয়ার পর তিনি সাংবাদিকদের উদ্দেশ্যে বলেন, "আদালতের এখানকার ছবি তুলে রাখুন। এটা যুগ যুগ ধরে নানা বইতে প্রকাশিত হবে। আপনারা ইতিহাসের সাক্ষী। এটা একটা ঐতিহাসিক ঘটনা। একজন নোবেল বিজয়ীর বিরুদ্ধে অর্থ আত্মসাৎ, জালিয়াত, মানি লন্ডারিং-এর অভিযোগ আনা হয়েছে। আরো সাতজন আছে। এ বিচার শুধু দেশের মধ্যে নয়, সারা দুনিয়া লক্ষ্য করছে কী বিচার হচ্ছে। এটা জাতির ইতিহাসের অংশ হয়ে যাচ্ছে", বলেন ড. ইউনূস। তিনি আরো বলেন, "এ মামলা গুরুত্বপূর্ণ এ জন্য যে আইন মানুষের শুভকামনা করে রচনা হয়, আইন মানুষের মনে স্বস্তি আনে। আইন মানুষের মনে ভয়ংকর শঙ্কাও জাগায়"। "এখন আইনকে কোন দিকে নিয়ে যাবে সেটা হলো সমাজের ইচ্ছা। কাজেই দুর্নীতি দমন কমিশন যে বিচারে বসলে তা সঠিকভাবে হয়েছে কি না অথবা এটা ঠিকভাবে হয় নি ... এটাই হলো আমাদের দায়িত্ব", মন্তব্য করেন তিনি। এই মামলার শুনানি পর্যবেক্ষণ করতেও মহানগর দায়রা জজ আদালতে উপস্থিত ছিলেন বাংলাদেশে অবস্থিত যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের দূতাবাসের প্রতিনিধিরা।

অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে মোট ১৮টি মামলা চলছে। এসব মামলা স্থগিত ও বিচারিক হয়রানি বন্ধ চেয়ে আন্তর্জাতিক মহল আহ্বান জানিয়ে আসছিল। অযথা মামলা দিয়ে হয়রানি করা হচ্ছে কি না, তা দেখতে আন্তর্জাতিক বিশেষজ্ঞদের বাংলাদেশে আসার আহ্বানও জানিয়েছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই আমন্ত্রণ গ্রহণ করে বাংলাদেশে আসতে নোবেল বিজেতারা-সহ মোট ২৪২ জন আন্তর্জাতিক ব্যক্তিত্ব খোলা চিঠিতে আগ্রহ প্রকাশ করেছিলেন। পরে ড. ইউনূসের আইনজীবীরা বলেছিলেন, তাদের আসার ব্যাপারটা সরকারের অনুমতির উপর নির্ভর করে।

(বিবিসি ওয়েব পেজ: ০৩.০৩.২০২৪ রিহাব)

## দুই মামলায় ড. মুহাম্মদ ইউনূসের জামিন আরও বাড়ল

আত্মসাতের অভিযোগে দায়ের করা মামলায় নোবেল বিজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসসহ সাতজনের জামিন মঞ্জুর করেছে মহানগর দায়রা জজ আদালত। রোববার দুপুরে তারা ঢাকা মহানগর সিনিয়র স্পেশাল জজ আদালতের বিচারক মোহাম্মদ আস সামছ জগলুল হোসেনের আদালতে জামিন আবেদন করলে আদালত তাদের জামিন মঞ্জুর করেন। এর আগে সকালে শ্রম আইন লঙ্ঘনের মামলায় ড. ইউনূসসহ চার আসামির জামিনের মেয়াদ বাড়ানো হয়েছে। সেই মামলায় পহেলা জানুয়ারি ড. ইউনূসসহ চারজনের ছয় মাসের কারাদণ্ড এবং ৩০ হাজার টাকা করে জরিমানা করা হয়েছিল। অর্থ আত্মসাতের মামলাটি করেছিল দুর্নীতি দমন কমিশন। গ্রামীণ টেলিকমের শ্রমিক ও কর্মচারী কল্যাণ তহবিলের কর্মীদের লভ্যাংশের ২৫ কোটি টাকার বেশি অর্থ আত্মসাতের অভিযোগে ড. মুহাম্মদ ইউনূসসহ ১৪ জনের বিরুদ্ধে পহেলা ফেব্রুয়ারি অভিযোগপত্র দিয়েছিল দুদক। অভিযোগ পত্রে তাদের গ্রেফতারের আবেদন করেছিল দুদক। সেই মামলায় ড. ইউনূসসহ সাতজন জামিন পেলেন। মামলায় অভিযুক্ত বাকি সাতজন আদালতে আসেননি। গত বছরের ৩০শে মে গ্রামীণ টেলিকম শ্রমিক - কর্মচারী কল্যাণ তহবিলের অর্থ আত্মসাতের অভিযোগে এই মামলা করে দুর্নীতি দমন কমিশন।

আসামিদের বিরুদ্ধে তহবিল থেকে ২৫ কোটি ২২ লাখ ছয় হাজার ৭৮০ টাকা লোপাটের অভিযোগ আনা হয়েছিল। মামলায় ১৩ আসামির সঙ্গে তদন্তে পাওয়া নতুন আরও একজনের নাম যুক্ত করা হয়েছে। মামলা এজাহারে বলা হয়েছে, ড. ইউনূস ও মো. নাজমুল ইসলামসহ গ্রামীণ টেলিকম বোর্ডের সদস্যদের উপস্থিতিতে ২০২২ সালের ৯ই মে গ্রামীণ টেলিকমের ১০৮তম বোর্ড সভায় ঢাকা ব্যাংক লিমিটেডের গুলশান শাখায় একটি ব্যাংক হিসাব খোলার সিদ্ধান্ত হয়। গ্রামীণ টেলিকমের বোর্ড সভার হিসাব খোলার সিদ্ধান্ত ৯ মে হলেও খোলা হয় এক দিন আগে ৮ই মে। এ হিসাব দেখানো আছে সেটেলমেন্ট অ্যাগ্রিমেন্টে, যা বাস্তবে অসম্ভব। এরকম ভুয়া সেটেলমেন্ট অ্যাগ্রিমেন্টের শর্ত অনুযায়ী ও

বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক গ্রামীণ টেলিকম বিভিন্ন সময়ে ব্যাংকের এ অ্যাকাউন্টে ২৫ কোটি ২২ লাখ ছয় হাজার ৭৮০ টাকা স্থানান্তর করে। কিন্তু কর্মচারীদের লভ্যাংশ বিতরণের আগেই তাদের প্রাপ্য অর্থ না জানিয়ে আত্মসাৎ করেন আসামিরা। এর আগে সকাল ১০টার দিকে শ্রম আইন লঙ্ঘনের যে মামলায় ড. ইউনূসসহ চার জনের ছয় মাসের কারাদণ্ড দেয়া হয়েছে, সেই মামলায় জামিনের মেয়াদ বাড়িয়েছে আদালত। তবে এই মেয়াদ কতদিন বাড়ানো হয়েছে সেটা পরে জানানো হবে বলে আদালত জানিয়েছে। ঢাকার শ্রম আপিল ট্রাইব্যুনালের ভারপ্রাপ্ত চেয়ারম্যান এম এ আউয়াল (সিনিয়র জেলা ও দায়রা জজ) এ আদেশ দেন। এই মামলায় শুনানির জন্য ১৬ই এপ্রিল পরবর্তী তারিখ নির্ধারণ করা হয়েছে।

শ্রম আইন লঙ্ঘনের এই মামলায় পহেলা জানুয়ারি অধ্যাপক মুহাম্মদ ইউনূসসহ চারজনকে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়েছিল। সেই সঙ্গে ৩০ হাজার টাকা করে জরিমানা করা হয়। সেই আদেশের বিরুদ্ধে তারা আপিল করেছেন। সেই মামলায় তারা জামিনে ছিলেন, যার মেয়াদ ৩রা মার্চ শেষ হচ্ছে। এ অবস্থায় রোববার ঢাকা মহানগর দায়রা জজ আদালতে সকাল ১০টার দিকে হাজির হয়ে ড. ইউনূস ও অন্য আসামিরা জামিন আবেদন করেন। তার আইনজীবী আব্দুল্লাহ আল মামুন আপিল নিষ্পত্তি হওয়া পর্যন্ত জামিনের মেয়াদ বাড়ানোর আবেদন করেন। অন্যদিকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদফতর পক্ষের আইনজীবী খুরশিদ আলম খান সীমিত সময়ের জন্য জামিন দিতে শুনানি করেন। পরে জামিনের মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত জানান বিচারক। তবে কতদিনের জন্য বাড়ানো হয়েছে, তা জানাননি। তিনি আদালতকে জানান, ড. ইউনূসের আরেকটি আবেদন আদালতে ৬ই মার্চ শুনানির জন্য রয়েছে। পরে আদালত ড. ইউনূসসহ চার আসামীর জামিনের মেয়াদ বৃদ্ধি করে। শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান অধ্যাপক মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে ২০২১ সালের নয়ই সেপ্টেম্বর মামলাটি করেছিল কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। এ মামলার অভিযোগের মধ্যে রয়েছে, অনিয়মের মাধ্যমে শ্রমিক কর্মচারীদের মধ্যে বণ্টনের জন্য সংরক্ষিত লভ্যাংশের পাঁচ শতাংশ না দেয়া এবং ১০১ জন শ্রমিকের চাকরি স্থায়ী না করা। এছাড়া গণছুটি না দেয়া, শ্রমিকদের কল্যাণ তহবিল এবং অংশগ্রহণ তহবিল গঠন না করাও অন্যতম অভিযোগ এই মামলার।

কলকারখানা ও পরিদর্শন অধিদপ্তরের করা এ মামলায় অধ্যাপক ইউনূসসহ চারজনকে আসামি করা হয়েছে। মামলার অন্য অভিযুক্ত হলেন গ্রামীণ টেলিকমের সাবেক ব্যবস্থাপনা পরিচালক আশরাফুল হাসান, পরিচালক নূরজাহান বেগম এবং মোঃ শাহজাহান। অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে মোট ১৮ টি মামলা চলছে। ড. ইউনূসের বিরুদ্ধে এসব মামলা স্থগিত ও 'বিচারিক হয়রানি' বন্ধ চেয়ে আন্তর্জাতিক মহল আহবান জানিয়ে আসছিলো। বিষয়টি নিয়ে নোবেলজয়ী বিশ্বের ১৬০ জন খ্যাতনামা ও গুরুত্বপূর্ণ ব্যক্তি বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে একাধিকবার চিঠি পাঠিয়েছে। পরে ড. মুহাম্মদ ইউনূসকে অযথা মামলা দিয়ে হয়রানি করা হচ্ছে কিনা তা দেখতে আন্তর্জাতিক বিশেষজ্ঞদের বাংলাদেশে আসার আহবান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শেখ হাসিনার এই আমন্ত্রণ গ্রহণ করে বাংলাদেশে আসার কথা জানিয়ে ১২৫ জন নোবেলজয়ীসহ ২৪২ জন আন্তর্জাতিক ব্যক্তি খোলা চিঠিতে আসার আগ্রহ প্রকাশ করেন। যদিও ড. ইউনূসের আইনজীবীরা বলেছেন, তাদের আসার ব্যাপারটা সরকারের অনুমতির ওপর নির্ভর করে। (বিবিসি ওয়েব পেজ: ০৩.০৩.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### বাংলাদেশে ফেব্রুয়ারিতে রেমিট্যান্স এসেছে ২১৬ কোটি ডলার, আট মাসে সর্বোচ্চ

বাংলাদেশে ফেব্রুয়ারি মাসে রেমিট্যান্স এসেছে ২১৬ কোটি ডলার। চলতি ২০২৩-২৪ অর্থবছরের ৮ মাসের (জুলাই-ফেব্রুয়ারি) মধ্যে এই অংক সর্বোচ্চ। রবিবার (৩ মার্চ) বাংলাদেশ ব্যাংকের হিসাব অনুযায়ী এ তথ্য জানা গেছে। কেন্দ্রীয় ব্যাংক । এর আগের মাস জানুয়ারিতে রেমিট্যান্সেএসছিলো ২১০ কোটি ডলার। বৈধ চ্যানেলে চলতি বছরের প্রথম আট মাসে ১,৩২৬ কোটি ডলার রেমিট্যান্স পেয়েছে বাংলাদেশ। কেন্দ্রীয় ব্যাংকের মুখপাত্র মো. মেজবাউল হক জানান, সরকার ও ব্যাংকগুলো প্রণোদনা দেয়ায় বৈধ চ্যানেলে রেমিট্যান্স প্রবাহ বেড়েছে। “ব্যাংকগুলোকে তাদের আর্থিক উৎস থেকে অতিরিক্ত প্রণোদনা দেয়ার নির্দেশনা দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক, যা বৈধ চ্যানেলে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিতে ভূমিকা রাখে;” বলেন মেজবাউল হক। প্রবাসী আয়ের ওপর বাংলাদেশ সরকারের আড়াই শতাংশ প্রণোদনা দিচ্ছে। আর, ব্যাংকগুলো অতিরিক্ত আড়াই শতাংশ বেশি দামে ডলার কিনতে পারছে। এর ফলে মোট প্রণোদনা দাঁড়িয়েছে ৫ শতাংশ। বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম) এর নির্বাহী পরিচালক অধ্যাপক ড. সেলিম রায়হান বলেন, রেমিট্যান্সের ওপর ৫ শতাংশ প্রণোদনা সাময়িকভাবে রেমিট্যান্স বাড়াতে সহায়তা করবে। এর ফলে, দীর্ঘমেয়াদি কোনো সমাধান হবে না। ড. রায়হান বলেন, “রেমিট্যান্স বাড়াতে হলে, হুন্ডি বন্ধ করতে হবে। হুন্ডি বন্ধ করতে হলে, মানি লন্ডারিং বন্ধ করতে হবে। এখন প্রচুর টাকা বিদেশে পাচার হচ্ছে। যেকোনো উপায়ে এটা নিয়ন্ত্রণ করতে হবে।” (ভোয়া ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ এলিনা)

### অমর একুশে গ্রন্থমেলার সমাপ্তি, আট প্রকাশনা সংস্থা পুরস্কৃত

শেষ হলো অমর একুশে গ্রন্থমেলা। চলতি বছর ‘লিপ ইয়ার’ হওয়ায় ফেব্রুয়ারি মাস ছিলো ২৯ দিনে। পাশাপাশি, বইমেলা ২ দিন বাড়ানো হয়। ফলে, এই বছরের বইমেলা ছিলো ৩১ দিনের। মেলা শেষে আটটি প্রকাশনা সংস্থাকে,

চারটি বিভাগে পুরস্কৃত করেছে বাংলা একাডেমি। শনিবার (২ মার্চ) ছিলো অমর একুশে গ্রন্থমেলার শেষ দিন। বাংলা একাডেমির তথ্য মতে, এবার মেলায় মোট ৩ হাজার ৭৫১টি নতুন বই প্রকাশিত হয়েছে এবং সব মিলিয়ে প্রায় ৬০ লাখ দর্শনার্থী এসেছেন। বইমেলার মূল মঞ্চে সমাপনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলা একাডেমির মহাপরিচালক মুহম্মদ নূরুল হুদা। প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা ড. কামাল আবদুল নাসের চৌধুরী। সমাপনী অনুষ্ঠানে বাংলা একাডেমির প্রশাসন উপ-বিভাগের উপ-পরিচালক ড. সাহেদ মন্তাজ এবারের মেলার বিক্রির পরিসংখ্যান ও সার্বিক তথ্য তুলে ধরেন। আয়োজক বাংলা একাডেমির প্রতিবেদন অনুযায়ী, এবারের মেলায় বিক্রি ৬০ কোটি টাকা ছাড়িয়েছে। আগের বছর এই অংক ছিলো ৪৭ কোটি টাকা; ২০২২ সালে ছিলো ৫২ কোটি টাকা। মেলায় মোট ৩ হাজার ৭৫১টি বই প্রকাশিত হয়েছে বলে জানিয়েছে বাংলা একাডেমি। এর মধ্যে রয়েছে; কবিতার বই ১ হাজার ২৬২টি, ছড়ার বই ১০৬টি, গবেষণা ৭৬টি, মুক্তিযুদ্ধ বিষয়ক ৬৯টি, ইতিহাসের ৬৪টি, শিশুতোষ উপন্যাস ৭১টি, ভ্রমণবিষয়ক ৬৪টি বই। এছাড়া, ৬১টি অনুবাদ, ৪৪টি বিজ্ঞানের বই, ৩৬টি সায়েন্স ফিকশন, ২৯টি রচনা, ধর্ম ক্যাটাগরির ৩৩টি, কমিকস ক্যাটাগরির ৩১টি, নাটক ৩৪টি, বঙ্গবন্ধুকে নিয়ে ২৭টি, রাজনীতি বিষয়ক ২৯টি বই, স্বাস্থ্য বিষয়ক ২৯টি বই এবং অভিধান সম্পর্কিত ১৯টি বই প্রকাশিত হয়েছে। অন্যান্য ক্যাটাগরিতে প্রকাশিত হয়েছে ২২২টি বই। বাংলা একাডেমি ১ কোটি ৩৬ লাখ টাকার বই বিক্রি করেছে, যা ২০২৩ সালে ছিলো ১ কোটি ৩৩ লাখ টাকা এবং ২০২২ সালে ছিলো ১ কোটি ৩৫ লাখ টাকা। মেলার সমাপনী অনুষ্ঠানে বাংলা একাডেমি আটটি প্রকাশনা সংস্থা-কে চারটি বিভাগে পুরস্কৃত করেছে। বিষয় ও মানের দিক থেকে সর্বাধিক সংখ্যক মানসম্পন্ন বই প্রকাশের জন্য, কথাপ্রকাশ চিত্তরঞ্জন সাহা স্মৃতি পুরস্কার লাভ করেছে। এছাড়া শিল্প ও মানের দিক থেকে সেরা বই প্রকাশের জন্য প্রথমা প্রকাশ, জার্নিম্যান বুকস ও ঐতিহ্য প্রকাশনীকে মুনীর চৌধুরী স্মৃতি পুরস্কার দেয়া হয়। ময়ূরপঙ্খী পাবলিকেশন শিশুদের জন্য সর্বোচ্চ সংখ্যক মানসম্পন্ন বই প্রকাশের জন্য রোকনুজ্জামান খান দাদাভাই স্মৃতি পুরস্কারে ভূষিত হয়। আর, অন্যপ্রকাশ প্রকাশনী, নিমফিয়া পাবলিকেশন এবং বেঙ্গল বুকস শ্রেষ্ঠ অলঙ্করণের জন্য কাইয়ুম চৌধুরী স্মৃতি পুরস্কার পায়।
(ভোয়া ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ এলিনা)

## গাজায় যুদ্ধ থামাতে আনতালিয়া ডিপ্লোমেসি ফোরাম ভূমিকা রাখতে পারে : হাছান মাহমুদ

গাজায় ইসরাইলের চলমান হামলার নিন্দা করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেন, "যুদ্ধ থামানোর জন্য আনতালিয়া ডিপ্লোমেসি ফোরাম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।" শনিবার (২ মার্চ) সন্ধ্যায় তুরস্কের রাষ্ট্রীয় টিভি চ্যানেল 'টিআরটি ওয়ার্ল্ড'কে দেয়া এক সাক্ষাৎকারে এ কথা বলেন তিনি। হাছান মাহমুদ আনতালিয়া ডিপ্লোমেসি ফোরামে অংশ নিতে এখন তুরস্কে রয়েছেন। হাছান মাহমুদ বলেন, "গাজায় যা হচ্ছে, তা মানবতার বিরুদ্ধে অপরাধ। শুধু মানবতার বিরুদ্ধে অপরাধ নয়, সেখানে জাতিগত নিধন চলছে। সেখানকার মৃত্যুর সংখ্যা বর্তমানে ৩০ হাজারের বেশি এবং এর বেশির ভাগই নারী ও শিশু। যুদ্ধের সব ধরনের প্রথা ভঙ্গ করছে ইসরাইল।" "আমরা এখন পর্যন্ত যুদ্ধ, গণহত্যা থামানোর জন্য যথেষ্ট উদ্যোগ দেখতে পাচ্ছি না এবং যুদ্ধ থামানোর জন্য আনতালিয়া ডিপ্লোমেসি ফোরাম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে;" হাছান মাহমুদ যোগ করেন। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী বলেন, ১৯টি দেশের রাষ্ট্র বা সরকারপ্রধান এবং ৭০ জনের বেশি পররাষ্ট্রমন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রীরা এখানে অংশগ্রহণ করছেন। বাই সম্মিলিতভাবে গাজায় সহিংসতা, গণহত্যা, জাতিগত নিধন বন্ধে, ইসরালকে নিবৃত্ত করতে সকলের এক সঙ্গে কাজ করা উচিত। (ভোয়া ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ এলিনা)

## পণ্যের সরবরাহ নিশ্চিত করতে হবে, অবৈধ মজুদ বন্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে : শেখ হাসিনা

আসন্ন রমজান মাসে পণ্যের অবৈধ মজুদকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে এবং ভোক্তাদের কাছে নিত্যপ্রয়োজনীয় পণ্যের সুষ্ঠু সরবরাহ নিশ্চিত করতে মাঠ পর্যায়ের প্রশাসনকে নির্দেশ দিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ রবিবার (৩ ফেব্রুয়ারি) জেলা প্রশাসক (ডিসি) সম্মেলন উদ্বোধনকালে এ নির্দেশ দেন তিনি। বলেন, কিছু ব্যবসায়ী আছেন, যারা সব সময় নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র মজুদ করেন। আর, দাম বাড়িয়ে বাড়তি মুনাফা করতে চান। "রমজানে সেদিকে আমাদের বিশেষ নজর দিতে হবে;" যোগ করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, বিশেষ করে রমজান আসলে, সাপ্লাই চেইনে সমস্যা তৈরি হয় বা পণ্যের কৃত্রিম সংকট তৈরির চেষ্টা করা হয়। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে কিছু মজুতদার আছেন যারা পণ্য পচে যেতে দেন, কিন্তু বাজারে সরবরাহ করেন না। "এ বিষয়ে কঠোর আইনি পদক্ষেপ নিতে হবে;" বলেন তিনি। মুসলমানদের সিয়াম সাধনার মাস রমজানে নিত্যপ্রয়োজনীয় পণ্য যাতে নির্বিঘ্নে সাধারণ মানুষের কাছে পৌঁছাতে পারে সেদিকে বিশেষ নজর দিতে মাঠ প্রশাসনের প্রতি আহবান জানান শেখ হাসিনা। তিনি জানান, "বাংলাদেশে মুদ্রাস্ফীতির হার এখনো ১০ শতাংশের মধ্যে রয়েছে। তবে এটা একটা সমস্যা।" বাজার পরিস্থিতি পর্যবেক্ষণ জোরদার করতে এবং ভোক্তারা যাতে হয়রানির শিকার না হন, তা নিশ্চিত করতে কর্মকর্তাদের নির্দেশ দেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। (ভোয়া ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ এলিনা)

## ড. ইউনূসসহ ৮ জন দুর্নীতির মামলায় জামিন পেয়েছেন

দুর্নীতি মামলায়, নোবেল বিজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসসহ আট জনকে জামিন দিয়েছে ঢাকার একটি আদালত। গ্রামীণ টেলিকমের শ্রমিক-কর্মচারী কল্যাণ তহবিলের ২৫ কোটি টাকা আত্মসাতের অভিযোগে, তাদের বিরুদ্ধে এ

মামলা দায়ের করা হয়। রবিবার (৩ মার্চ) দুপুর আড়াইটার দিকে ঢাকা মহানগর দায়রা জজ আদালতের বিচারক আস সামছ জগলুল হোসেন তাদের জামিন মঞ্জুর করেন। অভিযুক্ত ব্যক্তিদের পক্ষে জামিন শুনানি করেন আইনজীবী আব্দুল্লাহ আল মামুন। দুর্নীতি দমন কমিশনের (দুদক) পক্ষে ছিলেন, আইনজীবী মোশাররফ হোসেন কাজল। তিনি জামিনের বিরোধিতা করেন। দুদকের প্রসিকিউটর মীর আহাম্মদ আলী সালাম জানান, শুনানি শেষে আদালত তাদের জামিনের আদেশ দেন। একই সঙ্গে আগামী ২ এপ্রিল ১৪ জনের বিরুদ্ধে অভিযোগপত্র গ্রহণের তারিখ ধার্য করা হয়েছে। এর আগে, গত ১ ফেব্রুয়ারি এ মামলায় ড. ইউনূসসহ ১৪ জনের বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র দাখিল করেন তদন্ত কর্মকর্তা দুদকের উপপরিচালক গুলশান আনোয়ার প্রধান। আদালত, ৩ মার্চ অভিযুক্ত ব্যক্তিদের উপস্থিতিতে অভিযোগপত্র গ্রহণের জন্য দিন ধার্য করেছিলো। ড. ইউনুস ছাড়া, অন্য অভিযুক্ত ব্যক্তিদের মধ্যে রয়েছেন; গ্রামীণ টেলিকমের ব্যবস্থাপনা পরিচালক মো. নাজমুল ইসলাম, পরিচালক ও সাবেক ব্যবস্থাপনা পরিচালক মো. আশরাফুল হাসান, পরিচালক পারভীন মাহমুদ, নাজনীন সুলতানা, মো. শাহজাহান, নূরজাহান বেগম, এস এম হুজ্জাতুল ইসলাম লতিফী। এছাড়া, আইনজীবী মো. ইউসুফ আলী ও জাফরুল হাসান শরীফ, গ্রামীণ টেলিকম শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি মো. কামরুজ্জামান, সাধারণ সম্পাদক ফিরোজ মাহমুদ হাসান, ইউনিয়নের প্রতিনিধি মো. মাইনুল ইসলাম ও দপ্তর সম্পাদক মো. কামরুল হাসান অভিযুক্ত ব্যক্তির তালিকায় রয়েছেন। গ্রামীণ টেলিকমের শ্রমিক-কর্মচারীদের কল্যাণ তহবিলের ২৫ কোটি ২২ লাখ ৬ হাজার ৭৮০ টাকা আত্মসাতের অভিযোগে গত বছরের ৩০ মে দুদকের উপপরিচালক গুলশান আনোয়ার প্রধান বাদী হয়ে এই মামলা দায়ের করেন।
(ভোয়া ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ এলিনা)

## আদালত অবমাননার দায়ে বিএনপি নেতা হাবিবের সাজা বহাল রেখেছে আপিল বিভাগ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা হাবিবুর রহমান হাবিবকে হাইকোর্টের দেয়া পাঁচ মাসের কারাদণ্ড ও দুই হাজার টাকা জরিমানার রায় বহাল রেখেছে আপিল বিভাগ। আদালত অবমাননার দায়ে তাকে এই দণ্ড দেয়া হয়েছিলো। হাইকোর্টের রায়ের বিরুদ্ধে হাবিবের করা লিভ টু আপিল (আপিলের অনুমতি চেয়ে আবেদন) ও জামিনের আবেদন খারিজ করে, প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বাধীন তিন সদস্যের আপিল বেঞ্চ রবিবার (৩ মার্চ) এ আদেশ দেয়। এর আগে, আদালত অবমাননার দায়ে হাবিবকে পাঁচ মাসের কারাদণ্ড ও দুই হাজার টাকা জরিমানা করে গত ২২ নভেম্বর রায় দিয়েছিলো হাইকোর্ট। এই রায়ের বিরুদ্ধে কারাবন্দী হাবিব গত ৮ ফেব্রুয়ারি লিভ টু আপিল করেন; সঙ্গে জামিনের আবেদন করেন। লিভ টু আপিল গত ১১ ফেব্রুয়ারি আপিল বিভাগের চেম্বার আদালতে শুনানির জন্য ওঠে। সেদিন চেম্বার আদালত তারিখ ঠিক করে, লিভ টু আপিল শুনানির জন্য আপিল বিভাগের নিয়মিত বেঞ্চে পাঠিয়ে দেয়। এর ধারাবাহিকতায় রবিবার (৩ মার্চ) শুনানি অনুষ্ঠিত হয়। আদালতে হাবিবের পক্ষে শুনানি করেন, জ্যেষ্ঠ আইনজীবী মো. রুহুল কুদ্দুস। রাষ্ট্রপক্ষে শুনানি করেন, অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল শেখ মোহাম্মদ মোরশেদ।(ভোয়া ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ এলিনা)

## বাংলাদেশের বিদ্যুৎ খাত গভীর সংকটে, বললেন রুহুল কবির রিজভী

দেশের বিদ্যুৎ খাত গভীর সংকটে নিমজ্জিত বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। রবিবার (৩ মার্চ) রাজধানীর নয়াপল্টনে বিএনপির কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে মত বিনিময়কালে এ মন্তব্য করেন তিনি। বিদ্যুৎ পরিস্থিতি নিয়ে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের সাম্প্রতিক বক্তব্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তব্যের সঙ্গে সাংঘর্ষিক বলে উল্লেখ করেন রুহুল কবির রিজভী। তিনি বলেন, ওবায়দুল কাদের দাবি করেছেন দেশে শতভাগ মানুষ বিদ্যুৎ সুবিধা পাচ্ছেন। অথচ তার প্রধানমন্ত্রী কিছুদিন আগে বলেছিলেন, দেশে স্বল্প পরিসরে হলেও লোডশেডিং থাকবে। রিজভী আরো বলেন, দেশের মানুষ সকাল-সন্ধ্যা লোডশেডিং-এ ভুগছে; অথচ তাপমাত্রা এখনো সহনীয় পর্যায়ে রয়েছে। বিএনপি বাংলাদেশের মানুষকে উপেক্ষা করে বিদেশি প্রভুর কাছে ধরণা দিচ্ছে; ওবায়দুল কাদেরের এই বক্তব্যের নিন্দা করেন রিজভী। "আওয়ামী লীগ সাধারণ সম্পাদকের সম্ভবত স্মৃতিশক্তি লোপ পেয়েছে;" মন্তব্য করেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব। তিনি বলেন, "কারণ তিনি (কাদের) ২০১৪ সালের নির্বাচন ভুলে গিয়েছিলেন। তখন ভারতের তৎকালীন পররাষ্ট্রমন্ত্রী সুজাতা সিং আওয়ামী লীগকে তাদের সমর্থন জানাতে এবং এইচ এম এরশাদকে নির্বাচনে যোগদান করানোর জন্য বাংলাদেশ সফর করেছিলেন।" "এটি একটি সার্বভৌম দেশে হস্তক্ষেপের স্পষ্ট লক্ষণ;" উল্লেখ করেন রুহুল কবির রিজভী।
(ভোয়া ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ এলিনা)

## বেইলি রোড অগ্নিকাণ্ডের ঘটনায় জাপানের পররাষ্ট্রমন্ত্রীর শোক প্রকাশ

বাংলাদেশের রাজধানী ঢাকায় ভয়াবহ অগ্নিকাণ্ডে ৪৬ জনের প্রাণহানির ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন জাপানের পররাষ্ট্রমন্ত্রী ইয়োকো কামিকাওয়া। পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের কাছে পাঠানো শোকবার্তায় তিনি বলেন, "ঢাকার একটি বহুতল ভবনে ভয়াবহ অগ্নিকাণ্ডে যে ক্ষয়ক্ষতি হয়েছে তাতে আমি গভীরভাবে শোকাহত।" "আমি বাংলাদেশের জনগণ ও সরকারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি;" বলেন ইয়োকো কামিকাওয়া। বার্তায় তিনি নিহত ব্যক্তিদের জন্য প্রার্থনা করেন এবং তাদের প্রিয়জন হারানোর জন্য শোকাহত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানান।

বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) রাতে ভয়াবহ অগ্নিকাণ্ডে ৪৬ জন নিহত হন। শুক্রবার (১ মার্চ) সকালে স্বাস্থ্যমন্ত্রী সামন্ত লাল সেন এ কথা নিশ্চিত করেন। শেখ হাসিনা বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে তিনি সাংবাদিকদের বলেন, আগুনের কারণে সৃষ্ট কার্বন মনোক্সাইড গ্যাস নিঃশ্বাসের সঙ্গে মিশে শরীরে প্রবেশ করায় এসব মৃত্যুর ঘটনা ঘটেছে। এদিকে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সদর দপ্তরের সিনিয়র স্টাফ অফিসার মো. শাহজাহান শিকদার জানান, অগ্নিকাণ্ডের কারণ অনুসন্ধানে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর পক্ষ থেকে পাঁচ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। এর আগে, এই প্রাণহানির ঘটনায় শোক প্রকাশ করেছেন বাংলাদেশের রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। (ভোয়া ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### বিএনপি নয়, আওয়ামী লীগই মোসাহেবি করে প্রভুদের দ্বারে দ্বারে ঘুরছে : রিজভী

বাংলাদেশের ক্ষমতাসীন দল আওয়ামী লীগ তাদের প্রভুর দ্বারে দ্বারে শুধু নয়, বরং পদতলে বসে মোসাহেবি করেছে বলে অভিযোগ করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। বিদ্যুতের দাম বাড়ানোয় মধ্যম আয় ও নিম্ন আয়ের মানুষ দিশেহারা বলেও মন্তব্য করেছেন তিনি।

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, আওয়ামী লীগ তাদের প্রভুর দ্বারে দ্বারে শুধু নয়, বরং পদতলে বসে মোসাহেবি করেছে, আর দেশের স্বাধীনতা-সার্বভৌমত্বকে অর্ঘ্য হিসেবে তুলে দিয়েছে প্রভুর দরবারে। 'জনগণ দ্বারা বারবার প্রত্যাখাত হয়ে বিএনপির নেতারা তাদের বিদেশি প্রভুদের দ্বারে দ্বারে ঘুরছে' সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের এমন বক্তব্যের প্রতিক্রিয়ায় রিজভী আজ এসব কথা বলেছেন। রোববার দুপুরে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে রিজভী বলেন, অগণতান্ত্রিক শক্তির দোসররা কখনোই সত্যের পূজারি হতে পারে না। যাদের একজন মন্ত্রীর বিদেশে দুইশো মিলিয়ন পাউন্ড মূল্যের সম্পত্তি থাকে তাহলে সেই সরকারের অন্য মন্ত্রীরা যে চোখে রঙিন চশমা নিয়েই রাজত্ব করছেন তা বলাই বাহুল্য। বিদ্যুতের দাম বাড়ানোয় মধ্যম আয় ও নিম্ন আয়ের মানুষেরা দিশাহারা- বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, বিদ্যুতের মূল্যবৃদ্ধিতে জনগণের ভোগান্তি বেড়েছে। অবৈধ শাসকগোষ্ঠীর এতে কোনো কিছু যায়-আসে না। ক্ষমতাসীন সরকার নাগরিকদের অধিকারকে পরোয়া করে না বলে মন্তব্য করেন তিনি (স্বকণ্ঠে) : বিদ্যুৎ গভীর সংকটের মধ্যে। সকালে ঘুম থেকে উঠলেই দেখি লোডশেডিং, বিকেলে বাসায় ঢুকলে দেখি লোডশেডিং। আর সন্ধ্যে থেকে রাত বারোটা পর্যন্ত যে কতবার লোডশেডিং হয় তার কোন ইয়াত্তা নাই।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৩.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

### মজুতদার সিন্ডিকেট বন্ধে প্রশাসনকে নজরদারি বাড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর

রমজানকে সামনে রেখে বাংলাদেশে প্রায় প্রতিদিনই বাড়ছে নিত্যপণ্যের দাম। তাই রমজানকে সামনে রেখে কেউ যেন পণ্য মজুদ করতে না পারে সে ব্যাপারে মাঠ প্রশাসনকে নজরদারি বাড়ানোর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রমজানকে সামনে রেখে বাংলাদেশে প্রায় প্রতিদিনই বাড়ছে নিত্যপণ্যের দাম। এতে করে ভোগান্তিও বাড়ছে মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্তসহ সাধারণ মানুষের। রমজান এলেই এক শ্রেণির অসাধু ব্যবসায়ীরা সিন্ডিকেটের মাধ্যমে নিত্যপণ্যের দাম বৃদ্ধি করে থাকে, এমন অভিযোগ সাধারণ ভোক্তাদের। এ বিষয়ে নজরদারী আরো বাড়ানোর দাবী তাদের। গত সপ্তাহের তুলনায় চাল, ডাল, পেয়াজ, রসুনসহ বেশ কয়েকটি পণ্যের দাম বেড়েছে। অবশ্য এর পেছনে মজুতদার সিন্ডিকেট প্রধাননত দায়ী বলে অভিযোগ ভোক্তারা। এমন বাস্তবতায় রমজানকে সামনে রেখে কেউ যেন পণ্য মজুত করতে না পারে, সে ব্যাপারে মাঠ প্রশাসনকে নজরদারি বাড়ানোর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নিত্যপণ্যের কৃত্রিম সংকট তৈরি করে মানুষের ভোগান্তি সৃষ্টিকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে বলেছেন তিনি। রবিবার সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে, জেলা প্রশাসক সম্মেলনের উদ্বোধন করে তিনি এসব নির্দেশনা দেন (স্বকণ্ঠে) : একটা কৃত্রিম সংকট সৃষ্টি করার চেষ্টা করা হয়। কেউ কেউ পচিয়ে ফেলবে কিন্তু বাজারে দিবে না। এই জাতীয় অবস্থার সৃষ্টি করে। সেই দিকে বিশেষভাবে দৃষ্টি এবং কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা দরকার। যেটা এই রমজান মাস সামনে রেখেই এই কথাগুলো আমি সবার আগে বললাম যে নিত্য প্রয়োজনীয় পণ্য, যেটা সাধারণ মানুষের কাছে যথাযথভাবে পৌঁছাতে পারে। প্রধানমন্ত্রী বলেন, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জনকল্যাণমুখী কাজের মাধ্যমে মানুষের প্রত্যাশার প্রতিফলন ঘটাতে হবে। রমজানে নিত্যপণ্যের বাজার নিয়ন্ত্রণে মাঠ প্রশাসনকে নজরদারি আরো বাড়ানোর আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, পণ্য মজুত করে কৃত্রিম সংকট সৃষ্টিকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। এছাড়া পণ্যের উৎপাদনশীলতা বাড়াতে, তৃণমূল পর্যায়ে প্রশিক্ষণ দিয়ে দক্ষ জনসম্পদ গড়ে তোলা, কৃষি উৎপাদন বহুমুখীকরণের মাধ্যমে গ্রামীণ অর্থনীতিকে আরো শক্তিশালী করার ওপরেও গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা (স্বকণ্ঠে) : আমরা উৎপাদন বাড়িয়ে উদ্বৃত্তটা আমরা রপ্তানিও করতে পারব, প্রক্রিয়াজাত শিল্প গড়তে পারব। স্থাপনা নির্মাণে যেন অগ্নিনির্বাপন ব্যবস্থা, পর্যাপ্ত ভেন্টিলেশনসহ বিল্ডিং কোড যেন মানা হয় সেদিকেও সবাইকে দৃষ্টি রাখতে বললেন প্রধানমন্ত্রী (স্বকণ্ঠে) : দালানকোঠা ওঠাতে গেলে, সেটা যেন যথাযথ বিল্ডিং কোড মেনে ওঠায় সেদিকে কিন্তু দৃষ্টি দিতে হবে সবাইকে।(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৩.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এনএইচকে

### দক্ষিণ ইউক্রেনে রুশ হামলায় শিশুসহ নিহত ৭

দক্ষিণ ইউক্রেনের ওদেসা শহরে রুশ হামলায় নিহত সাতজনের মধ্যে একটি ৪ মাস বয়সী এবং একটি ৩ বছরের শিশু রয়েছে। আহত হয়েছেন আরও আটজন। ইউক্রেনের সামরিক বাহিনী জানিয়েছে যে, গত শুক্র ও শনিবারের মধ্যে ক্ষেপণাস্ত্র এবং ড্রোন ব্যবহার করে পূর্ব ও দক্ষিণ ইউক্রেনে আক্রমণ চালায় রাশিয়া। ইউক্রেনের জাতীয় জরুরি পরিষেবা সংস্থা জানিয়েছে, ওদেসায় একটি অ্যাপার্টমেন্ট ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে। সেখানে অনুসন্ধান ও উদ্ধার অভিযান চলছে। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি গতকাল শনিবার এক ভিডিও বার্তায়, এই হামলাকে "মানুষকে ভয় দেখানোর জন্য সন্ত্রাস" বলে অভিহিত করেন। তিনি পশ্চিমা শক্তিগুলোর কাছে তাৎক্ষণিক সামরিক সহায়তার অনুরোধ জানিয়ে বলেন যে, বিমান প্রতিরক্ষা ব্যবস্থার মতো অস্ত্র সরবরাহে বিলম্ব প্রাণহানির দিকে পরিচালিত করবে। এদিকে, ইউক্রেনের বিমান বাহিনী ঘোষণা করেছে যে, গত শুক্রবার ইউক্রেনের পূর্বাঞ্চলের আকাশে একটি রুশ এসএউ-৩৪ বোমারু যুদ্ধবিমানকে গোলাবর্ষণ করে ভূপাতিত করা হয়েছে। তাদের ভাষ্যানুযায়ী, সেনাবাহিনী ফেব্রুয়ারিতে মোট ১৩টি রুশ বিমান ভূপাতিত করেছে, যার মধ্যে এ-৫০ পূর্বসতর্কীকরণ ও নিয়ন্ত্রণ বিমান এবং এসইউ-৩৪ এর মতো যুদ্ধবিমান রয়েছে। জেলেনস্কি এই অর্জনের প্রশংসা করেন এবং আকাশ প্রতিরক্ষার গুরুত্বের ওপর জোর দেন। তার ভাষ্যমতে, আকাশের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে পারলে তা হাজার হাজার বেসামরিক জীবন রক্ষার পাশাপাশি ভূমিতে ইউক্রেনের সেনাদের সহায়তা করবে।
(এনএইচকে ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### অফশোর ব্যাংকিংয়ে কি রিজার্ভ বাড়বে?

রিজার্ভ বাড়াতে বাংলাদেশে অফশোর ব্যাংকিং চালু হচ্ছে। সংসদে বিল উঠেছে। এটা পাস হলেই আইনের আওতায় অফশোর ব্যাংকিং করতে পারবে বাণিজ্যিক ব্যাংকগুলো। আর ব্যক্তি ও প্রতিষ্ঠান তাদের বৈদেশিক মুদ্রা অফশোর অ্যাকাউন্টে রাখতে পারবেন। সংসদে শনিবার 'অফশোর ব্যাংকিং আইন-২০২৪' উত্থাপনের পর তা পরীক্ষা করার জন্য সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়েছে। একদিনের মধ্যে পরীক্ষা করে বিলটি সংসদে ফেরত পাঠানোর কথা। এই আইনের মাধ্যমে অনাবাসী ব্যক্তি বা বাইরের কোনো প্রতিষ্ঠান যারা এখানে বিনিয়োগ করবে তারা অফশোর অ্যাকাউন্ট খুলতে পারবে। ব্যাংক খাতে অভিজ্ঞ কয়েকজনের সঙ্গে কথা বলে জানা গেছে, যে ব্যাংকিং ব্যবস্থায় বৈদেশিক উৎস থেকে বৈদেশিক মুদ্রায় তহবিল সৃষ্টি হয় এবং প্রচলিত ব্যাংকিং আইন-কানুনের বাইরে আলাদা আইন-কানুনের মাধ্যমে এ তহবিল পরিচালিত হয় এবং হিসাব সংরক্ষণ করা হয়, তাকেই বলা হয় অফশোর ব্যাংকিং। অফশোর ব্যাংকিং হলো ব্যাংকের ভেতরে আলাদা এক ব্যাংকিং ব্যবস্থা। স্থানীয় মুদ্রার বিপরীতে মার্কিন ডলারের পাশাপাশি ব্রিটিশ পাউন্ড স্টার্লিং, জাপানি ইয়েন, কানাডীয় ডলার, সিঙ্গাপুরি ডলার, সুইস ফ্রাঁ ইত্যাদি বৈদেশিক মুদ্রায় অফশোর ব্যাংকিংয়ের হিসাব সংরক্ষণ করা হয়। বিশ্বব্যাংকের ঢাকা কার্যালয়ের সাবেক মুখ্য অর্থনীতিবিদ জাহিদ হোসেন বলেন," সহজ কথায় অফশোর ব্যাংকিং হলো বিদেশি মুদ্রায় লেনদেনের জন্য ব্যাংকের একটি আলাদা জানালা। তবে এটা আগেও ছিল। এখন আইন করা হলো।"

বিলে বলা হয়েছে, অফশোর ব্যাংকিংয়ের মাধ্যমে অর্জিত সুদ বা মুনাফার ওপর কোনো ধরনের প্রত্যক্ষ বা পরোক্ষ কর আরোপ করা হবে না। অফশোর ব্যাংকিং-এ আমানতকারী এবং বৈদেশিক ঋণ দাতাদের যে-কোনো ধরনের হিসাব শুল্কমুক্ত হবে। আর আমানতকারীরা আকর্ষণীয় মুনাফা পাবেন। অনিবাসী বাংলেদেশি, বিদেশি ব্যক্তি এবং প্রতিষ্ঠানের কাছ থেকে অফশোর ব্যাংকিং ইউনিট আমানত ও ঋণ গ্রহণ করতে পারবে। ব্যক্তির আত্মীয়-স্বজন এখানে তাদের পক্ষে অফশোর অ্যাকাউন্ট খুলতে এবং পরিচালনা করতে পারবেন। আইন পাস হওয়ার পর বাণিজ্যিক ব্যাংকগুলোকে অফশোর ব্যাংকিংয়ের লাইসেন্স নিতে হবে। কিন্তু প্রজ্ঞাপনের মাধ্যমে ১৯৮৫ সাল থেকেই অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশে অফশোর ব্যাংকিং চালু আছে। আর ২০১৯ সালে অফশোর ব্যাংকিংয়ের নীতিমালা জারি করে বাংলাদেশ ব্যাংক। ফলে যাদের লাইসেন্স আছে তাদের আর নতুন করে লাইসেন্স নিতে হবে না। একজন ব্যাংকার জানান, প্রজ্ঞাপনের অধীনে যে অফশোর ব্যাংকিং চালু আছে তাতে কোনো ব্যাংকের নির্দিষ্ট শাখা অফশোর ব্যাংকিং করতে পারে। কিন্তু এখন যে-কোনো শাখাই করতে পারবে অনুমোদন নিয়ে। প্রস্তাবিত আইনে আমানত ও ঋণ কার্যক্রম পরিচালনার বিষয়ে হয়েছে, রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, অর্থনৈতিক অঞ্চল এবং হাই-টেক পার্কগুলোর শতভাগ বিদেশি মালিকানাধীন প্রতিষ্ঠানগুলো থেকে আমানত গ্রহণ করা যাবে। পাশাপাশি অফশোর ব্যাংকিং ইউনিট এ ধরনের প্রতিষ্ঠানকে স্বল্পমেয়াদি ঋণ ও অগ্রিম বা বিনিয়োগ, ঋণপত্র ও গ্যারান্টি সুবিধা প্রদান, বিল ডিসকাউন্টিং, বিল নেগোশিয়েটিং এবং অন্যান্য বৈদেশিক বাণিজ্য সংশ্লিষ্ট বহির্লেনদেন সেবা দিতে পারবে। প্রস্তাবিত আইনটি গত সপ্তাহে মন্ত্রিসভা অনুমোদন দেয়ার পর মন্ত্রিপরিষদ সচিব মাহবুব হোসেন জানান, "এই আইন তৈরি করা হচ্ছে শুধু দেশের অর্থনীতিকে শক্তিশালী করার জন্য। এই পদ্ধতি অনুসরণ করে অনেক দেশ তাদের বৈদেশিক রিজার্ভ ও আর্থিক কাঠামো সমৃদ্ধ করেছে। তারা বিলিয়ন ডলার ইনভেস্টমেন্ট পেয়েছে।" তিনি আরো বলেন,

"বিদেশিরা বাংলাদেশের অভ্যন্তরীণ ব্যাংকিং ব্যবস্থায় যখন টাকা জমা রাখে তখন কিন্তু টাকা নিয়ে যেতে পারমিশন নিতে হয়। অফশোর ব্যাংকিং হলে স্বাধীনভাবে এটা অপারেট করা যাবে। এখানে ব্যবসা করে যারা লাভবান হবে, তারা এখানে টাকা রাখতে আগ্রহী হবে বলে আমরা আশা করছি। শুধু রিজার্ভ বাড়াতেই এটি করা হচ্ছে না। অর্থনৈতিকভাবে দেশ লাভবান হবে, সে জন্য এটি করা হচ্ছে।"

বাংলাদেশ ডলার সংকটে আছে। আর রিজার্ভ কমছে। এখন রিজার্ভের পরিমাণ ১৯.৯৪ বিলিয়ন ডলার। এর আগে ১৮ই জানুয়ারি রিজার্ভ ছিলো ২০ বিলিন ডলারের বেশি। বাংলাদেশে রেকর্ড পরিমাণ বৈদেশিক মুদ্রার রিজার্ভ ছিল ২০২১ সালের আগস্টে, ৪৮ বিলিয়ন ডলার। ডলার সংকটের কারণে বাংলাদেশ আমদানি কমে গেছে। আর আমদানি কমায় রপ্তানির ওপরও নেতিবাচক প্রভাব পড়েছে। তাই অফশোর ব্যাকিংয়ের মাধ্যমে পরিস্থিতির উন্নতি করতে চাচ্ছে সরকার। যমুনা ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচাক(এমডি) মো. নুরুল আমিন বলেন, "অফশোর ব্যাকিং আগে থেকেই আছে। তবে সেটা ছিলো সীমিত- আমদানি রপ্তানির ক্ষেত্রে। এবার যে আইন করা হচ্ছে তাতে বেশ কিছু সুবিধাযুক্ত করা হয়েছে। আমার মনে এই কারণে ডলার প্রবাহ কিছুটা হলেও বাড়বে। যা রিজার্ভের ওপর ইতিবাচক প্রভাব ফেলবে।" তার মতে, "নতুন আইনে তিন ধরনের সুবিধা দেয়া হচ্ছে। এক্সপোর্ট- ইমপোর্ট করতে পারবে, লোন নিতে পারবে, বিদেশ থেকে আনতে পারবে, জমা করতে পারবে। সেটা এখানে আবার খরচ করতে পারবে। আর অফশোর অ্যাকাউন্টের ওপর কোনো আয়কর দিতে হবে না। এর ফলে যা হবে যারা বাইরে আছেন তারা এখানে ডলার আনতে পারবেন। বিদেশিদের টাকাও আসতে পারবে। ঋণ নেয়া যাবে। ফলে সুবিধা আরো বাড়ল। এর ফলে আমি মনে করি দেশে ডলার বেশি আসবে। রিজার্ভ বাড়বে।" তবে অতটা আশাবাদী নন বিশ্বব্যাংকের ঢাকা কার্যালয়ের সাবেক মুখ্য অর্থনীতিবিদ জাহিদ হোসেন। তিনি মনে করেন, "নতুন আইনের ফলে কিছুটা ইতিবাচক প্রভাব পড়বে। তবে এই একটি বিষয়ে সব হয়ে যাবে তা নয়। বিনিয়োগের পরিবেশ, নিশ্চয়তা, নিরাপত্তা জরুরি। মাইক্রো ইকোনমিতে যে অস্থিরতা সেটা থাকলে তো আস্থার পরিবেশ তৈরি হবে না।" তার কথা, "যারা লন্ডন, অ্যামেরিকা থাকেন তারা যদি নিশ্চয়তা পান যে এখানে তারা ডলার রাখতে পারবেন, নিয়ে যেতে পারবেন তাহলে তারা এখানে তাদের অর্থ নিয়ে আসবেন। তারা তো ওখানে বিনিয়োগ করেন। নিশ্চয়তা পেলে এখানে করবেন। আগে যেটা হয়েছে, নিবাসী যারা এখানে বিনিয়োগ করেছেন তাদের অ্যাকাউন্ট নবায়ন করতে দেশে আসতে হয়েছে। সেটা তো একটা বাধা। এখানে যে-কোনো পরিমাণ অর্থ রাখতে এবং তুলে নেয়ার নিশ্চয়তা না পেলে তো কেউ আসবে না।" বিদেশি বিনিয়োগ প্রসঙ্গে তিনি বলেন, "বিদেশি বিনিয়োগকারীদের একটা শঙ্কা বরাবরই ছিল যে, আমি যে অর্থ নিয়ে আসব, এখানে তো কোনো আইন নাই। এখন এই আইনটি একটা আস্থা তৈরি করবে। আইনে সে এখন চাইলে বিনিয়োগ তুলে নিতে পারবে। অ্যাকাউন্ট খুলতে পারবে। ঋণ নিতে পারবে। এমনকি ইপিজেড-এ শতভাগ বিদেশি বিনিয়োগের প্রতিষ্ঠানও এখান থেকে এখন ঋণ নিতে পারবে। সেই ক্ষেত্রে বিদেশি বিনিয়োগ হয়তো কিছুটা উৎসাহিত হবে। কিন্তু এখানে তো আরো অনেক বাধা আছে। দক্ষ শ্রমিক পাবে না। দক্ষ শ্রমিক নিয়ে আসতে চাইলে ভিসা প্রক্রিয়া খুব জটিল। সবচেয়ে বড় কথা হলো আস্থা ও নিরাপত্তার পরিবেশ তৈরি করতে না পারলে এই একটি-দুইটি বিষয়ে সুবিধা দিয়ে খুব বেশি লাভবান হওয়া যাবে বলে আমি মনে করি না," বলেন এই অর্থনীতিবিদ।

(ডয়চে ভেলে ওয়েব পেজ :০৩.০৩.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### সারাদেশে ভবন নির্মাণে বিল্ডিং কোড বজায় রাখার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী

সারাদেশের ভবন নির্মাণে বিল্ডিং কোড বজায় রাখার বিষয়টি নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট সবাইকে বিশেষ করে মাঠ পর্যায়ের প্রশাসনকে নির্দেশনা দিয়েছেন সরকার প্রধান। রোববার প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে জেলা প্রশাসক সম্মেলনের উদ্বোধন করে প্রধানমন্ত্রী এই নির্দেশনা দেন। প্রধানমন্ত্রী বলেন, শুধু সিটি কর্পোরেশন এলাকায় নয়; দেশের অন্যান্য স্থানে এই বিল্ডিং কোড মানা হচ্ছে কি না তা দেখতে হবে। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ আসাদ)

### আওয়ামী লীগের আগ্রাসি সিন্ডিকেটের মুনাফার জন্যই সরকার বিদ্যুতের দাম বৃদ্ধি করেছে : রিজভী

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, জনগণের কথা চিন্তা না করেই সরকার দ্রব্যমূল্য বাড়াচ্ছে। রোববার নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে রিজভী অভিযোগ করেছেন এখন বাসা ভাড়ার চেয়েও বিদ্যুৎ বিল বেশি। তিনি বলেন, বিপদ আঁচ করতে পেরে সরকারের মন্ত্রীরা নানা ধরনের প্রলাপ বকছেন। আওয়ামী লীগ তাদের প্রভুদের দ্বারে দ্বারে ঘুরে বেড়াচ্ছে। আওয়ামী লীগের আগ্রাসি সিন্ডিকেটের মুনাফার জন্য সরকার বিদ্যুতের দাম বৃদ্ধি করেছে বলেও মন্তব্য করেন তিনি। গ্যাস সংকট জিইয়ে রেখে সরকার এলএনজির ব্যবসার দ্বার খুলেছে। এ সময় আওয়ামী লীগের দুই শীর্ষ নেতার সমালোচনা ও করেন রুহুল কবির রিজভী।

(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ আসাদ)

### আবারো বাড়লো তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের দাম

দেশে ভোক্তা পর্যায়ে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস এলপিজির দাম আরও বেড়েছে। ভোক্তা পর্যায়ে ১২ কেজি প্রতিটি সিলিন্ডারের দাম এবার ৮ টাকা বাড়িয়ে ১৪৮২ টাকা নির্ধারণ হয়েছে। বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন রোববার

এ ঘোষণা দিয়েছে। ফেব্রুয়ারিতে ৪১ টাকা বাড়ানো হয়েছিল দাম। তার আগের মাসে ১২ কেজিতে দাম ২৯ টাকা বেড়েছিল। বিইআরসি কার্যালয়ে রোববার সংবাদ সম্মেলনে এলপিজির নতুন দাম বাড়ানোর ঘোষণা দেওয়া হয়। বিইআরসির চেয়ারম্যান মো. নুরুল আমিন নতুন এই দাম ঘোষণা করেন। ঘোষিত নতুন দর রোববার সন্ধ্যা ছয়টা থেকেই কার্যকর হবে। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ আসাদ)

**রাজধানীর গুলশানের একটি ভবন থেকে পড়ে স্পেন দূতাবাসের এক কর্মকর্তার মৃত্যু**

রাজধানীর গুলশানে পিংক সিটির বিপরীতের একটি ভবন থেকে পড়ে স্পেন দূতাবাসের এক কর্মকর্তার মৃত্যু হয়েছে। পুলিশের প্রাথমিক ধারণা ওই কর্মকর্তা আত্মহত্যা করেছেন। নিহত কর্মকর্তার নাম ইসমাইল গিল সেরানো। বিষয়টি নিশ্চিত করে গুলশান থানার পরিদর্শক শেখ শাহিনুর রহমান বলেন, দুপুরের দিকে স্পেন দূতাবাসের ওই কর্মকর্তার মৃত্যু হয় পিংক সিটির বিপরীতে থাকা একটি ভবনের ছাদ থেকে পড়ে। আমাদের প্রাথমিক ধারণা এটি আত্মহত্যা হতে পারে। তবে বিষয়টা নিয়ে তদন্ত করা হচ্ছে বলেও জানান তিনি। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ আসাদ)

**পাকিস্তানে নতুন প্রধানমন্ত্রী হলেন শাহবাজ শরিফ**

জাতীয় নির্বাচন–পরবর্তী রাজনৈতিক অচলাবস্থা কাটিয়ে পাকিস্তানের নতুন প্রধানমন্ত্রী নির্বাচিত হয়েছেন পাকিস্তান মুসলিম লিগ-নওয়াজের প্রেসিডেন্ট শাহবাজ শরিফ। তিনি দেশটির ২৪তম প্রধানমন্ত্রী হলেন। শাহবাজ পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী। সেই সঙ্গে তিনি আরেক সাবেক প্রধানমন্ত্রী ও পিএমএল-এনের নেতা নওয়াজ শরিফের ভাই। আজ রোববার পাকিস্তানের জাতীয় পরিষদের অধিবেশনে পার্লামেন্ট সদস্যদের ভোটে জাতীয় পরিষদের নেতা ও দেশের প্রধানমন্ত্রী নির্বাচিত হন শাহবাজ। এই পদে তাঁর প্রতিদ্বন্দ্বী ছিলেন পিটিআই নেতা ওমর আইয়ুব।
(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ আসাদ)

**জ্বালানি তেলের দাম কমার ইঙ্গিত দিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী**

জ্বালানি তেলের দাম কমানোর ইঙ্গিত দিয়ে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, বিশ্ববাজারে জ্বালানি তেল কিছুটা সাশ্রয়ী দামে পাওয়া যাচ্ছে। এ মাসে দাম ঘোষণায় কিছুটা সাশ্রয় হবে। প্রতি মাসেই দাম সমন্বয় করা হবে। রোববার বিকেলে সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী এসব কথা বলেন। তিনি জনান, চলতি সপ্তাহেই জ্বালানি তেলের নিয়মিত দাম নির্ধারণ শুরু হবে। এখন প্রধানমন্ত্রীর অনুমোদনের অপেক্ষায় আছে জ্বালানি বিভাগ। নসরুল হামিদ বলেন, কয়েক দিনের মধ্যে জ্বালানি তেলের দাম সমন্বয় হতে পারে। প্রস্তাব অনুমোদনের আগে নিশ্চিত করে বলা যাচ্ছে না। তবে সাশ্রয়ী মূল্যে জ্বালানি তেল সরবরাহের আশা করা হচ্ছে। এর আগে গত ২৯শে ফেব্রুয়ারি জ্বালানি তেলের স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণের সূত্র নির্ধারণ করে নির্দেশিকা প্রকাশ করা হয়েছে। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ আসাদ)

**পণ্যের দাম সাধারণের নাগালে রাখতে জেলা প্রশাসকদের কাজ করার নির্দেশ দেন প্রধানমন্ত্রী**

রমজানকে সামনে রেখে নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম সাধারণের নাগালে রাখতে জেলা প্রশাসকদের কাজ করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ওই সময় দলমত নির্বিশেষে মজুদদারদের কঠোর আইনানুগ ব্যবস্থা করতে জেলা প্রশাসকদের নির্দেশনা দিয়েছেন তিনি। রোববার প্রধানমন্ত্রীর কার্যালয়ে শাপলা হলে জেলা প্রশাসক সম্মেলনের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী এই নির্দেশনা দেন। বক্তব্যে এবারের নির্বাচন ৭৫ পরবর্তী সবচেয়ে সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন হয়েছে এমন মন্তব্য করে শেখ হাসিনা বলেন, যারা দেশের অস্বাভাবিক পরিস্থিতি তৈরি করতে চেয়েছিল তাদের কাছে নির্বাচন পছন্দ হয়নি। তবে সাধারণ মানুষ ও তরুণ ভোটারদের আগ্রহ সবচেয়ে বেশি ছিল বলেও জানান প্রধানমন্ত্রী। এ সময় সুষ্ঠু নির্বাচন আয়োজনের জন্য প্রশাসনকে কৃতিত্বও দেন তিনি। মাঠ প্রশাসনকে উজ্জীবিত করতে মন্ত্রিপরিষদ বিভাগ প্রতিবছর ডিসি সম্মেলনের আয়োজন করে। এবছর তিন থেকে ছয় মার্চ পর্যন্ত এ সম্মেলন অনুষ্ঠিত হবে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ রুবাইয়া)

**স্বাস্থ্য পরীক্ষার জন্য সিঙ্গাপুরের উদ্দেশ্যে ঢাকা ছেড়েছেন ওবায়দুল কাদের**

স্বাস্থ্য পরীক্ষার জন্য সিঙ্গাপুরের উদ্দেশ্যে ঢাকা ছেড়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী এবং আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। রোববার সকাল সাড়ে আটটার দিকে তিনি সিঙ্গাপুরের উদ্দেশ্যে রওনা দেন। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার শেখ ওয়ালিদ ফয়েজ এক প্রেস বিবৃতিতে এই তথ্যটি নিশ্চিত করেছেন। তিনি বলেন, বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটে আজ সকাল সাড়ে আটটার দিকে সিঙ্গাপুরের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেছেন ওবায়দুল কাদের। সেখানে মাউন্ট এলিজাবেথ হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষা শেষে শীঘ্রই তিনি ঢাকায় ফিরবেন বলে আশাবাদ ব্যক্ত করা হয়। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ রুবাইয়া)

**ড. মুহাম্মদ ইউনুস এর জামিনের মেয়াদ বাড়িয়েছেন শ্রম আপিল ট্রাইব্যুনাল**

শ্রম আইন লঙ্ঘনের মামলায় শাস্তিতে নোবেল জয়ী ড. মুহাম্মদ ইউনুসের জামিনের মেয়াদ বাড়িয়েছেন শ্রম আপিলের ট্রাইবুনাল। তবে কত দিনের জামিন দেয়া হয়েছে সে ব্যাপারে সিদ্ধান্ত পরে জানানো হবে। আদালত মামলার পরবর্তী দিন ধার্য করেছেন ১৬ই এপ্রিল। আজ রোববার শ্রম আইন লঙ্ঘনের মামলায় শ্রম আপিল ট্রাইবুনালে গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান ড. মুহাম্মদ ইউনূসসহ চার আসামী উপস্থিত ছিলেন। তাদের উপস্থিতিতে শ্রম ও আপিল ট্রাইবুনাল এই

আদেশ দেন। এ সময় আদালত থেকে বেরিয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন ইউনুস। তিনি বলেন ন্যায় বিচার পাব- এটাই আশা করি। যে সময়টা অন্য কাজ করতে পারতাম সে সময়ে মামলা নিয়ে দৌড়াতে হচ্ছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ রুবাইয়া)

**গাজায় চলমান ইসরাইলি হামলার তীব্র নিন্দা করেছেন পররাষ্ট্রমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ**

গাজায় চলমান ইসরাইলি হামলার তীব্র নিন্দা করে সেখানে মানবতার বিরুদ্ধে অপরাধ বন্ধ করার জন্য ঐক্যবদ্ধ উদ্যোগের আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ডক্টর হাছান মাহমুদ। তুরস্কের আনাতোলিয়ায় স্থানীয় সময় সন্ধ্যায় তুরস্কের রাষ্ট্রীয় টিভি চ্যানেল টিআরটি ওয়ার্ল্ডকে দেওয়া এক সাক্ষাৎকারে মন্ত্রী এই আহ্বান জানান। পররাষ্ট্রমন্ত্রী বলেন, গাঁজায় যা হচ্ছে সেটি মানবতার বিরুদ্ধে অপরাধ। শুধু মানবতার বিরুদ্ধে অপরাধ নয় সেখানে জাতিগত নিধন চলছে। সেখানকার মৃত্যুর সংখ্যা বর্তমানে ৩০ হাজারের বেশি এবং বেশিরভাগ নারী ও শিশু। যুদ্ধের সব ধরনের প্রথা ভঙ্গ করছে ইসরাইল। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ রুবাইয়া)

**ওবায়দুল কাদের ডিমেনশিয়াতে নয় এমেনশিয়া বা স্মৃতিভ্রংশ রোগে ভুগছেন: রিজভী**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের ডিমেনশিয়াতে নয় এমেনশিয়া বা স্মৃতিভ্রংশ রোগে ভুগছেন বলে মন্তব্য করেছেন বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী। তিনি বলেন, ওবায়দুল কাদের বলেছেন জনগণ দ্বারা বারবার প্রত্যাখ্যাত হয়ে বিএনপি নেতারা তাদের বিদেশি প্রভুদের দ্বারে দ্বারে ঘুরছে। তিনি বলেন, ওবায়দুল কাদের ডিমেনশিয়াতে নয় তিনি এমেনশিয়া বা স্মৃতিভ্রংশ রোগে ভুগছেন। রোববার নয়া পল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন রুহুল কবীর রিজভী।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ রুবাইয়া)

**বেইলি রোডে আগুনে আহতদের মধ্যে হাসপাতাল থেকে আরও দুজন ছাড়পত্র নিয়ে বাসায় ফিরেছেন**

রাজধানীর বেইলি রোডে আগুনের ঘটনায় আহতদের মধ্যে শেখ হাসিনা জাতীয় বার্ন ইনস্টিটিউট থেকে ছাড়পত্র পেয়ে বাসায় ফিরেছেন আরো দুজন। এ নিয়ে ১৪ জনের মধ্যে হাসপাতালের ছাড়পত্র পেয়েছেন ১১ জন। এখনো ভর্তি আছেন তিনজন। রোববার ভর্তি রোগীদের সব শেষ শারীরিক অবস্থা জানাতে আয়োজিত সংবাদ সম্মেলনে এই তথ্য জানান বার্ন ইনস্টিটিউটের আবাসিক সার্জন তরিকুল ইসলাম। তিনি বলেন শ্বাসকষ্টসহ নানা জটিলতায় ভর্তি থাকা তিনজন রোগীকে হাসপাতালে পর্যবেক্ষণে রাখা হয়েছে। তবে তারাও সুস্থতার দিকে। পুরোপুরি সুস্থ হলে তাদের ছাড়পত্র দেয়া হবে। তবে এখনই তাদের শঙ্কামুক্ত বলা যাচ্ছে না বলেও উল্লেখ করেন তিনি।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ রুবাইয়া)

**বেইলি রোডের আগুনের ঘটনায় ঢাকা মেডিকেল কলেজে আরো দুজন চিকিৎসাধীন আছেন**

বেইলি রোডের আগুনের ঘটনায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আছেন দুজন। গত ২৯শে ফেব্রুয়ারি ভয়াবহ এই অগ্নিকাণ্ডের ঘটনায় ৪৬ জনের মৃত্যু হয়েছে। তাদের মধ্যে ৪৪ জনের মরদেহ হস্তান্তর করা হয়েছে পরিবারের কাছে। বাকি দুজনের মরদেহ ঢাকা মেডিকেল কলেজে রয়েছে। গতকাল তাদের ডিএনএ নমুনা নেয়া হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ রুবাইয়া)

**সব আবাসিক স্থাপনায় রেস্টুরেন্ট বন্ধের নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে**

সব আবাসিক স্থাপনায় রেস্টুরেন্ট বন্ধের নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে। একই সঙ্গে রিটে বেইলি রোডে অবস্থিত গ্রিন কোজি কটেজ ভবনে অগ্নিকাণ্ডে প্রকৃত দায়ীদের গ্রেফতার এবং হতাহতদের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশনা চাওয়া হয়েছে। রোববার হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় ইউনুস আলী আকন্দ নামে এক আইনজীবী রিট আবেদন করেন। হাইকোর্টের একটি দ্বৈত বেঞ্চে এ বিষয়ে শুনানি হওয়ার কথা রয়েছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ রুবাইয়া)

**ঘোষিত সময়ের তিনদিন পর আজ সয়াবিন তেলের দাম কার্যকর করল সরকার**

সয়াবিন তেলের দাম লিটারে ১০ টাকা কমিয়ে ১৬৩ টাকা এবং খোলা সয়াবিন তেলের দাম ১৪৯ টাকা নির্ধারণ করেছে বাণিজ্য মন্ত্রণালয়ের দ্রব্যমূল্য ও বাজার পরিস্থিতি পর্যালোচনা বিষয়ক টাস্ক ফোর্স। ঘোষিত সময়ের তিনদিন পর আজ রোববার থেকে সয়াবিন তেলের নতুন দাম কার্যকর করল সরকার। তবে বেশিরভাগ জায়গায় নতুন এই দাম কার্যকর হয়নি। বাড়তি দামেই চলছে বিক্রি। ফলে বাজারে গিয়ে বেশ বিপাকে পড়ছেন ভোক্তারা। কঠোরভাবে বাজার তদারকির দাবি জানিয়েছেন তারা। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ রুবাইয়া)

**আগামীকাল সোমবার দেশের বিভিন্ন স্থানে গ্যাস সরবরাহ বন্ধ থাকবে**

গ্যাস পাইপ লাইনের জরুরী মেরামত কাজের জন্য আগামীকাল সোমবার দেশের বিভিন্ন স্থানে গ্যাস সরবরাহ বন্ধ থাকবে বলে জানিয়েছে তিতাস গ্যাস এন্ড ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড। রোববার এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় তিতাস গ্যাস কর্তৃপক্ষ। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে সোমবার সকাল আটটা থেকে রাত বারোটা পর্যন্ত মোট ১৬ ঘণ্টা নারায়ণগঞ্জের গোদনাই হতে পোস্ট অফিস রোড এবং পোস্ট অফিস রোড হতে পঞ্চবটি মোড় পর্যন্ত সকল শ্রেণির গ্রাহকের গ্যাস সরবরাহ বন্ধ থাকবে। এছাড়াও উক্ত সময়ে সিদ্ধিরগঞ্জ ফতুল্লা মুন্সিগঞ্জ নারায়ণগঞ্জসহ এর আশপাশের

এলাকায় গ্যাসের স্বল্প চাপ বিরাজ করতে পারে। বিজ্ঞপ্তিতে গ্রাহকদের সাময়িক অসুবিধার জন্য আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করেছে তিতাস কর্তৃপক্ষ। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ রুবাইয়া)

## দেশের তিন বিভাগের দু এক জায়গায় ঝড় বৃষ্টি হতে পারে

দেশের তিন বিভাগের দু'এক জায়গায় ঝড় বৃষ্টি হতে পারে। বৃষ্টির প্রবণতা আগামীকাল কোথাও কোথাও থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। রোববার আবহাওয়া অফিসের সকালের বিজ্ঞপ্তিতে এসব কথা বলা হয়েছে। আবহাওয়াবিদ এ কে এম নাজমুল হক জানান, রোববার সকাল ৯টা থেকে আগামী ২৪ ঘণ্টায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারা দেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। তবে রংপুর, রাজশাহী ও খুলনা বিভাগের দু'এক জায়গায় বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এ সময় সারা দেশের দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা এক থেকে দুই ডিগ্রি সেলসিয়াস বাড়তে পারে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৩.০৩.২০২৪ রুবাইয়া)

# জাগো এফএম

## ডিসি সম্মেলন উদ্‌বোধন করলেন প্রধানমন্ত্রী

চার দিনব্যাপী জেলা প্রশাসক, ডিসি সম্মেলন-২০২৪ উদ্‌বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রোববার, ৩রা মার্চ প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হল থেকে তিনি এ উদ্‌বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন। মন্ত্রিপরিষদ সচিব মাহবুব হোসেনের সূচনা বক্তব্যে শুরু হওয়া সম্মেলনে আরো বক্তব্য রাখেন, জনপ্রশাসনমন্ত্রী ফরহাদ হোসেন, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব তোফাজ্জল হোসেন মিয়া, ঢাকা বিভাগীয় কমিশনার মোঃ সাবিরুল ইসলাম, গাইবান্ধার জেলা প্রশাসক কাজী নাহিদ রসুল ও চট্টগ্রামের জেলা প্রশাসক আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান। গত বছরের মতো এবার জেলা প্রশাসক সম্মেলনের মূল ভেন্যু রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তন। এবার ডিসি সম্মেলন শেষ হবে ৬ই মার্চ, বুধবার।

গতকাল শনিবার সচিবালয়ে জেলা প্রশাসক সম্মেলন-২০২৪ নিয়ে সংবাদ সম্মেলনে মন্ত্রিপরিষদ সচিব মোঃ মাহবুব হোসেন জানিয়েছিলেন, 'ডিসি সম্মেলনকে সামনে রেখে এবার ডিসি ও বিভাগীয় কমিশনারদের কাছ থেকে ৩৫৬টি প্রস্তাব এসেছে। সরকারের নীতি-নির্ধারক ও জেলা প্রশাসকদের মধ্যে সামনাসামনি মতবিনিময় এবং প্রয়োজনীয় দিক-নির্দেশনা দেওয়ার জন্য প্রতিবছর ডিসি সম্মেলনের আয়োজন করা হয়।' মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জানানো হয়, 'এবার সম্মেলনে মোট ৩০টি অধিবেশন হবে। এর মধ্যে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের সঙ্গে কার্য অধিবেশন ২৫টি। এছাড়া একটি উদ্‌বোধন অনুষ্ঠান, স্পিকারের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ নিয়ে একটি ও প্রধান বিচারপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ, নির্দেশনা গ্রহণ এবং অন্যান্য আনুষ্ঠানিকতা নিয়ে দুটি অধিবেশন হবে। কার্য অধিবেশনগুলোতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের মন্ত্রী, উপদেষ্টা, প্রতিমন্ত্রী, সিনিয়র সচিব, সচিবরা উপস্থিত থাকবেন। এবার সম্মেলনে মোট ৫৬টি মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থা এবং প্রধানমন্ত্রীর কার্যালয় অংশ নেবে। অন্য বছর রাষ্ট্রপতির সঙ্গে একটি সেশন থাকলেও এবার রাষ্ট্রপতি বিদেশে থাকায় সেটি হচ্ছে না।' প্রথম দিনে উদ্‌বোধন অধিবেশন ছাড়াও ডিসি ও বিভাগীয় কমিশনারদের প্রধানমন্ত্রীর সঙ্গে মুক্ত আলোচনা হবে।

এছাড়া প্রধানমন্ত্রীর কার্যালয়, বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের সঙ্গে তিনটি কার্য-অধিবেশন হবে প্রথম দিন। এবার জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারদের কাছ থেকে ৩৫৬টি প্রস্তাব পাওয়া গেছে জানিয়ে শনিবার মন্ত্রিপরিষদ সচিব বলেছিলেন, 'প্রাপ্ত প্রস্তাবগুলোতে জনসেবা বৃদ্ধি, জনদুর্ভোগ হ্রাস করা, রাস্তাঘাট ও ব্রিজ নির্মাণ, পর্যটনের বিকাশ, আইন-কানুন বা বিধিমালা সংশোধন, জনস্বার্থ সংরক্ষণের বিষয়গুলো অগ্রাধিকার ভিত্তিতে করা হয়েছে। বেশি সংখ্যক প্রস্তাব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সংক্রান্ত। এ সংক্রান্ত মোট প্রস্তাব ২২টি। এ বছরের ডিসি সম্মেলন অন্যান্য যে-কোনো বছরের তুলনায় গুরুত্বপূর্ণ। নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর নির্বাচনি ইশতেহার অনুযায়ী সব কর্মকাণ্ড কেন্দ্রীভূত করার জন্য প্রধানমন্ত্রীর নির্দেশনা দেওয়া হয়েছে। সেটি মন্ত্রিসভা বৈঠক ও সচিব সভায়ও দেওয়া হয়েছে।' সেই পরিপ্রেক্ষিতে মাঠ পর্যায়ে যারা কাজ করেন তারা কীভাবে নির্বাচনি ইশতেহার বাস্তবায়ন করবেন সেই বিষয়ে প্রথম সম্মেলনে নির্দেশনা নেবেন বলে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জানানো হয়। এবার সম্মেলনে আলোচ্য বিষয়গুলোর মধ্যে রয়েছে, ভূমি ব্যবস্থাপনা, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যক্রম জোরদার করা, দুর্যোগ ব্যবস্থাপনা ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম, স্থানীয় পর্যায়ে কর্মসৃজন ও দারিদ্র্য বিমোচন কর্মসূচি বাস্তবায়ন, সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার এবং ই-গভর্নেন্স, শিক্ষার মান উন্নয়ন ও সম্প্রসারণ, স্বাস্থ্যসেবা ও পরিবার কল্যাণ, পরিবেশ সংরক্ষণ ও দূষণ রোধ, ভৌত অবকাঠামোর উন্নয়ন এবং উন্নয়নমূলক কার্যক্রমের বাস্তবায়ন পরিবীক্ষণ ও সমন্বয়।

গত বছর ডিসি সম্মেলনে নেওয়া সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৬২ শতাংশ। এর মধ্যে স্বল্পমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৮৯ শতাংশ, মধ্যমেয়াদি ৫৯ শতাংশ ও দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৪৫ শতাংশ। গত বছর নেওয়া ২১২টি সিদ্ধান্তের মধ্যে ১৩০টি বাস্তবায়ন হয়েছে বলেও মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জানানো হয়েছে। এবার সম্মেলনে সাবেক মন্ত্রিপরিষদ সচিবরা উপস্থিত থেকে জেলা প্রশাসকদের সঙ্গে মত বিনিময় করবেন বলেও মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জানানো হয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ প্রতীক)

## নির্বাচনে যথাযথ দায়িত্ব পালন করায় জেলা প্রশাসকদের ধন্যবাদ প্রধানমন্ত্রীর

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে যথাযথ দায়িত্ব পালন করায় জেলা প্রশাসকদের ধন্যবাদ জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, 'যারা নির্বাচন চায়নি, তাদের কাছে নির্বাচন হয়তো পছন্দ নাও হতে পারে। কিন্তু সাধারণ মানুষের আগ্রহ বেশি ছিল। বিশেষ করে নারী ও তরুণ ভোটাররা, তারা যে অংশ নিতে পেরেছে নির্বাচনে, এর ক্রেডিট আপনাদের, ডিসিদের। এজন্য আপনাদের আবারো ধন্যবাদ জানাই।' রোববার, ৩রা মার্চ প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হল থেকে চার দিনব্যাপী জেলা প্রশাসক, ডিসি সম্মেলন-২০২৪ উদ্‌বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, '১৯৭৫ সালের পর থেকে যতগুলো ভোট দেখেছি, এবারের নির্বাচন সব থেকে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ হয়েছে। প্রকৃতপক্ষে যারা নির্বাচন চায়নি, তাদের কাছে নির্বাচন হয়তো পছন্দ নাও হতে পারে। কিন্তু সাধারণ মানুষের আগ্রহ বেশি ছিল।' বাজার পরিস্থিতি নজরদারি, মজুদ ও মূল্যবৃদ্ধি রোধে জেলা প্রশাসকদের কাজ করতে নির্দেশনা দিয়ে শেখ হাসিনা বলেন, 'বাজার পরিস্থিতিরি দিকে লক্ষ্য রাখতে হবে। রমজান আসলে কিছু ব্যবসায়ী মজুদ করে দাম বাড়িয়ে মুনাফা নিতে চায়। কোথাও যাতে ভোক্তাদের হয়রানিতে পড়তে না হয় সেদিকে নজর রাখতে হবে। বিদেশ নির্ভর না হয়ে নিজেদের উৎপাদনে গুরুত্ব দিতে হবে। নিত্যপ্রয়োজনীয় পণ্য যেন সাধারণ মানুষের কাছে পৌঁছাতে পারে সেটি খেয়াল রাখতে হবে। খাদ্যে ভেজাল দেওয়ার বিষয়টিও দেখতে হবে। রোজা আসলে এটা বেড়ে যায়।' কিশোর গ্যাং কালচার রোধে পদক্ষেপের আহ্বান জানিয়ে তিনি বলেন, 'এখন কিশোর গ্যাংয়ের উৎপাত দেখি। পড়ালেখা করা ছেলে-মেয়েরা কেন এসবে জড়াবে? এটা সবার দেখতে হবে। স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের অভিভাবক ও শিক্ষকসহ সবাইকে নজরদারি বাড়াতে হবে। ছেলে-মেয়েরা শিক্ষাপ্রতিষ্ঠানে যায় কি না, নজরদারি বাড়াতে হবে। অভিভাবকদের সচেতন করতে হবে। গ্রেফতার করে লাভ নেই। গ্রেফতার করলে অপরাধীদের সঙ্গে মিশে আরো খারাপ হয়ে যাবে। গোড়া থেকে সমস্যার সমাধান করতে হবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ প্রতীক)

## জনগণের টাকায় চলি, সব কাজ তাদের সেবায় হতে হবে : প্রধানমন্ত্রী

জেলা প্রশাসকদের মানুষের সেবা, মুক্তিযুদ্ধের স্মৃতি সংরক্ষণ, কৃষি জমির সঠিক ব্যবহার, বিদ্যুতের সাশ্রয়ে মনোযোগী হওয়া, সব প্রকল্পে নজরদারি, জলবায়ুর প্রভাব মোকাবিলা, দক্ষ মানবসম্পদ গড়ে তোলাসহ নানা দিক-নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী। রোববার, ৩রা মার্চ প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে চার দিনব্যাপী জেলা প্রশাসক, ডিসি সম্মেলন ২০২৪ উদ্‌বোধন অনুষ্ঠানে এসব নির্দেশনা দেন তিনি। এসময় জেলা প্রশাসকদের আয়কর প্রদানে মানুষকে সচেতন ও উদ্‌বুদ্ধ করার তাগিদ দেন প্রধানমন্ত্রী। পাশপাশি পেনশন স্কিমে মানুষকে সংযুক্ত করার উদ্যোগ গ্রহণেও গুরুত্বারোপ করেন তিনি। তিনি খাল-বিল, নদী-নালা জলাশয় সংরক্ষণে জোর দেন। ডিসিদের প্রধানমন্ত্রী বলেন, 'জনগণের অর্থেই আপনারা ও আমরা চলি। জনগণের সেবার কথা মাথায় রেখেই সব কাজ করতে হবে। আমাদের সরকার চায় সুশাসন প্রতিষ্ঠা করতে। ধারাবাহিকভাবে সরকারে আছি। এর অর্থ এই নয় যে, ক্ষমতা ভোগ করতে আসছি; আমি নিজেকে সেবক মনে করি। সেবা দিতে আসছি। ৯ মাসের যুদ্ধের আত্মত্যাগ আমাদের ভুললে চলবে না।' সমালোচনার নানা চিত্র তুলে ধরে তিনি বলেন, 'অনেকে অনেক কথা বলে। সমালোচনা করে। আমরা এগুলো মাথায় রাখি না। আমরা সেবার কাজটি গুরুত্ব দেই, দেবো। পরশ্রীকাতরতা মানুষের চারিত্রিক দুর্বলতা। এটা আমাদের দেশের মানুষের আছে। আমি আত্মবিশ্বাস নিয়ে চলি। কে কী বলল শুনি না। মানুষের কল্যাণে কাজ করি। আপনারাও সেটা করবেন।' প্রকল্পে নজরদারি করার নির্দেশ দিয়ে তিনি বলেন, 'প্রকল্পের জমি আপনারা দেন, এটি তদারকি নজরদারিও আপনারা করবেন। এর ভালোমন্দের দায়িত্ব আপনাদের নিতে হবে। জানি, এতে অনেকে অখুশি হবে, হোক। প্রকল্প গ্রহণে মানুষ কতটা উপকৃত হলো সেটা বিবেচনা করেই প্রকল্প গ্রহণ করবেন। আমিও তাই করি। মানুষের উপকার ছাড়া কিন্তু আমি প্রকল্প গ্রহণ করি না।' প্রধানমন্ত্রী বলেন, 'উপকূলীয় এলাকায় নদীগুলো খননে নজর দিতে হবে। ভূমি ব্যবহারের ক্ষেত্রে তিন ফসলি জমি যেন নষ্ট না হয়। যত্রতত্র যাতে ভবন আর স্থাপনা না হয়। সবাই দালান কোঠা উঠাচ্ছে। কিন্তু কৃষি জমি যাতে নষ্ট না হয়। সেচ কাজে সোলার প্যানেল বসাবো আমরা। এটা আমাদের করতেই হবে। কারণ এটা যত করতে পারবো তত সাফল্য আসবে। বিদ্যুতের ব্যবহার কমাতে হবে। এতে আমাদের অনেক ভর্তুকি দিতে হয়।' তিনি বলেন, 'কোনো জমি যেন অনাবাদি না থাকে। এই উদ্যোগ আমাদের তরফ থেকেই নিতে হবে। ডিজিটাল বাংলাদেশ করেছি, স্মার্ট বাংলাদেশ করব, সেদিকেও নজর দিতে হবে।' মুক্তিযুদ্ধের স্মৃতি সংরক্ষণের নির্দেশ দিয়ে তিনি আরো বলেন, 'মুক্তিযুদ্ধের অনেক স্মৃতি রয়েছে ছড়িয়ে ছিটিয়ে। সেটা সংরক্ষণ করা ও মানুষের জন্য উপস্থাপন করা প্রয়োজন। তাহলে দেশকে ভালোবাসা ও দেশের প্রতি কর্তব্যবোধ সবার থাকবে, এটা থাকা দরকার। দেশের স্বাধীনতা দিবস ও বিজয় দিবসসহ ইতিহাসগুলো আমাদের তরুণ সমাজকে অব্যাহতভাবে জানানোর উদ্যোগ নেওয়া দরকার। এগুলো যদি তারা না জানে, আমাদের এর চেয়ে বেশি দুর্ভাগ্য নেই।' শেখ হাসিনা বলেন, 'সব উপজেলায় স্টেডিয়াম করার উদ্যোগ নিয়েছি। অনেক জায়গায় হয়নি। এটা দ্রুত করে ফেলা দরকার। প্রাইমারি থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করতে হবে। তাহলে যুব সমাজ এদিকে মনোযোগী হলে অন্যদিকে তারা ঝুঁকবে না।' তিনি বলেন, 'তরুণরা দুই-একটা পরীক্ষা দিয়েই চাকরি চায়। তাদের ব্যবসায় ও উৎপাদনমুখী শিল্পে কাজে লাগানোর জন্য আমরা উৎসাহিত করছি। কারিগরি শিক্ষার প্রতি ছেলে-মেয়েদের উৎসাহিত করা উচিত। দক্ষ জনশক্তি তৈরি করতে হলে কর্মমুখী শিক্ষা নেওয়া উচিত। প্রাথমিকভাবে

অনেকের হয়ত এটি পছন্দ হবে না। নানা কথা বলবে। তবে এটির সুফল পেতে শুরু করলে আর সমস্যা থাকবে না।' প্রধানমন্ত্রী বলেন, 'কৃষকের পণ্য উৎপাদনে সহায়তা ও এটি সঠিক বাজারজাত করতে পারলে আমাদের আর পরনির্ভরশীল হতে হবে না। এ জন্য সমন্বিত উদ্যোগ আমাদের নিতে হবে। ১৫ বছরে আমাদের দেশ বদলে গেছে। আমার গ্রাম আমার শহর বাস্তবায়নে সবাই এর সুফল পাচ্ছে। যাদের ঘরবাড়ি আমরা করে দিয়েছি, তাদের খোঁজখবরও রাখতে হবে। তাদের জীবনমান উন্নতি হলো কি না, তারা ঠিকমত চলতে পারছে কি না, খবর রাখতে হবে। তাদের প্রতি সহযোগিতা অব্যাহত রাখতে হবে।' তিনি বলেন, 'জলবায়ু পরিবর্তনের প্রভাব বেশি পড়ছে আমাদের দেশে। সরকারি জমি, নদী, খাল, জলাশয়, পাহাড় ও প্রাকৃতিক পরিসর আমাদের রক্ষা করতে হবে। ভূগর্ভস্থ পানির চেয়ে ভূমির উপরিভাগের পানির ব্যবহারে সীমাবদ্ধ থাকতে পারলে ভালো। পানির কোয়ালিটি নিশ্চিতে পরিশোধন কেন্দ্রেগুলো সংস্কারেও নজর দিতে হবে।' সরকার প্রধান বলেন, দুর্যোগ প্রবণ দেশ আমাদের। যে কোনো দুর্যোগে আপনারা মানুষের পাশে দাঁড়ান, আমি জানি। এটা স্বতঃস্পূর্তভাবেই করেন। সেজন্য আমি আন্তরিক ধন্যবাদ জানাই। মানুষের প্রতি কর্তব্যবোধটাই সবচেয়ে জরুরি।' তিনি বলেন, আমাদের বর্জ্য ব্যবস্থাপনা বিরাট সমস্যা। এই বর্জ্য থেকে নদী নালা খাল বিল নষ্ট হচ্ছে। জেলা থেকে ওয়ার্ড পর্যায় পর্যন্ত যদি আমরা এটি ব্যবস্থাপনা কর্মসূচি হাতে নেই তাতে মানুষ এর সুফল পাবে।' মন্ত্রিপরিষদ সচিব মাহবুব হোসেনের সূচনা বক্তব্যে শুরু হওয়া সম্মেলনে আরো বক্তব্য রাখেন, জনপ্রশাসনমন্ত্রী ফরহাদ হোসেন, প্রধানমন্ত্রীর মূখ্য সচিব তোফাজ্জল হোসেন মিয়া, ঢাকার বিভাগীয় কমিশনার মোঃ সাবিরুল ইসলাম, গাইবান্ধার জেলা প্রশাসক কাজী নাহিদ রসুল এবং চট্টগ্রাম জেলা প্রশাসক আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ প্রতীক)

## স্বাস্থ্য পরীক্ষার জন্য সিঙ্গাপুর গেলেন সেতুমন্ত্রী

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী এবং আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের স্বাস্থ্য পরীক্ষার জন্য সিঙ্গাপুর গেলেন আজ। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি ০৫৮৪ ফ্লাইট যোগে সকাল ৮টা ৩০ মিনিটে ঢাকা ছাড়েন তিনি। সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষা শেষে শিগগির তিনি ঢাকায় ফিরবেন। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার শেখ ওয়ালিদ ফয়েজের স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ প্রতীক)

## সংসদে অনির্বাচিত কেউ আসতে পারে না : স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদূরপ্রসারী পরিকল্পনার কারণেই নারীরা সরাসরি নির্বাচন এবং সংরক্ষিত মহিলা আসনের মাধ্যমে জাতীয় সংসদের সদস্য হিসেবে নির্বাচিত হতে পারছেন। জাতীয় সংসদে অনির্বাচিত কেউ আসতে পারে না, সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্যরা জাতীয় সংসদ দ্বারা নির্বাচিত। রোববার, ৩রা মার্চ সংসদ ভবনস্থ শপথ কক্ষে দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনের নবনির্বাচিত সংসদ সদস্যদের অংশগ্রহণে ওরিয়েন্টেশন কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে তিনি এসব কথা বলেন। জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র সচিব কে এম আব্দুস সালামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরী উপস্থিত ছিলেন। অতিথি হিসেবে ছিলেন হুইপ ইকবালুর রহিম, হুইপ আবু সাঈদ আল মাহমুদ স্বপন ও হুইপ সানজিদা খানম, মনোনীত। স্পিকার বলেন, 'মহান মুক্তিযুদ্ধে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বিজয় অর্জিত হলেও বঙ্গবন্ধু পাকিস্তান কারাগার থেকে মুক্ত হয়ে ১৯৭২ সালের ১০ জানুয়ারি স্বাধীন সোনার বাংলায় ফিরে আসেন। স্বদেশ প্রত্যাবর্তনের পর ১১ জানুয়ারি বঙ্গবন্ধু সংবিধান প্রণয়নে উদ্যোগী হয়েছিলেন এবং নয় মাসের মধ্যে বাংলাদেশের সংবিধান রচিত হয়েছিল।' ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, 'সংবিধান বাংলাদেশের সর্বোচ্চ আইন। এর আলোকেই রাষ্ট্র পরিচালিত হয়। জাতীয় সংসদের সব কর্মকাণ্ড ও কার্যপ্রণালী বিধি অনুযায়ী পরিচালিত হয়। তাই মহিলা সংসদ সদস্যদের কার্যপ্রণালী বিধি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।' তিনি বলেন, 'সংসদ নেতা প্রধানমন্ত্রী শেখ হাসিনা মোট পাঁচবারের ও টানা চারবারের প্রধানমন্ত্রী। জাতীয় সংসদের প্রতিটি ব্যাপারে প্রধানমন্ত্রী অত্যন্ত সচেতন ও মনোযোগী।' প্রধানমন্ত্রীর নেতৃত্বে স্মার্ট সংসদ ও দেশ গড়ে তুলতে সংসদ সদস্যদের একযোগে কাজ করার আহ্বান জানান তিনি। সংরক্ষিত মহিলা আসনের নবনির্বাচিত সংসদ সদস্যদের অংশগ্রহণে ওরিয়েন্টেশন কর্মসূচির প্রথম পর্ব বাংলাদেশ জাতীয় সংসদের চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরী ও হুইপ ইকবালুর রহিম এবং দ্বিতীয় পর্ব হুইপ আবু সাঈদ আল মাহমুদ স্বপন পরিচালনা করেন। দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনের নবনির্বাচিত সংসদ সদস্যরা কর্মসূচিতে অংশগ্রহণ করেন। এসময় জাতীয় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ প্রতীক)

## দেশের মানুষ ভালো আছে : অর্থমন্ত্রী

দেশের অর্থনীতি ভালোর দিকে দাবি করে অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, 'দেশের মানুষ ভালো আছে।' রোববার, ৩রা মার্চ দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। অর্থনীতি কি ভালো অবস্থায় আছে, মানুষ কি ভালো আছে? এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'দেশের মানুষকে জিজ্ঞেস করেন। আমি তো মনে করি ভালো আছে।' তিনি বলেন, 'নতুন একজন প্রতিমন্ত্রী পেয়ে ভালো হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের কাজের গতি আরো

বাড়বে।' মন্ত্রী বলেন, 'বাজারে জিনিসপত্রের দাম কমে আসছে, এটা আরো কমবে। ৫০ হাজার মেট্রিক টন পেঁয়াজ আসছে ভারত থেকে, এগুলো আসলে দাম আরো কমে যাবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ প্রতীক)

## গাজায় মানবতা বিরোধী অপরাধ বন্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের

গাজায় চলমান ইসরাইয়েলি হামলার তীব্র নিন্দা জানিয়ে সেখানে মানবতার বিরুদ্ধে অপরাধ বন্ধের জন্য ঐক্যবদ্ধ উদ্যোগের আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। তুরস্কের পর্যটন নগরী আনতালিয়ায় স্থানীয় সময় শনিবার সন্ধ্যায় তুরস্কের রাষ্ট্রীয় টিভি চ্যানেল টিআরটি ওয়ার্ল্ডকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এ আহ্বান জানান। সেখানে আনতালিয়া ডিপ্লোমেসি ফোরামে অংশগ্রহণ করেন মন্ত্রী। তিনি বলেন, 'গাজায় যা হচ্ছে সেটি মানবতার বিরুদ্ধে অপরাধ। শুধু মানবতার বিরুদ্ধে অপরাধ নয়, সেখানে জাতিগত নিধন চলছে। সেখানকার মৃত্যুর সংখ্যা বর্তমানে ৩০ হাজারের বেশি এবং এর বেশিরভাগ নারী ও শিশু। যুদ্ধের সব ধরনের প্রথা ভঙ্গ করছে ইসরায়েল।' হাছান মাহমুদ বলেন, 'আমরা এখন পর্যন্ত যুদ্ধ, গণহত্যা থামানোর জন্য যথেষ্ট উদ্যোগ দেখতে পাচ্ছি না এবং যুদ্ধ থামানোর জন্য আনতালিয়া ডিপ্লোমেসি ফোরাম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।' তিনি আরো বলেন, '১৯টি দেশের রাষ্ট্র বা সরকারপ্রধান এবং ৭০ জনের বেশি পররাষ্ট্রমন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রীরা এখানে অংশগ্রহণ করছেন। আমি মনে করি আমরা সবাই সম্মিলিতভাবে গাজায় সহিংসতা, গণহত্যা, জাতিগত নিধন বন্ধে ইসরায়েলকে ঠেকানোর জন্য একসঙ্গে কাজ করতে পারি।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ প্রতীক)

## অবৈধ ক্লিনিক অপসারণে ডিসিদের সহযোগিতা চাইলেন স্বাস্থ্যমন্ত্রী

দেশের প্রতিটি জেলা-উপজেলায় থাকা অবৈধ হাসপাতাল, ক্লিনিকের বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখতে ডিসিদের সহযোগিতা চেয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। তিনি বলেন, 'আমাদের স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদফতরের টিম যেসব জায়গায় অভিযানে যাবে, সেখানে তাদের যাতে সর্বাত্মক সহযোগিতা করা হয়। স্বাস্থ্য মন্ত্রণালয়ের ম্যাজিস্ট্রেসি পাওয়ার নেই। তাই সেখানে অভিযান যাতে সুষ্ঠু হয় এবং কোথাও কোনো বাধা এলে যাতে ব্যবস্থা নেওয়া হয়, এটাই ডিসিদের প্রতি আহ্বান ছিল আমাদের।' রোববার, ৩রা মার্চ রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক, ডিসি সম্মেলনের প্রথম দিনের দ্বিতীয় অধিবেশনে মন্ত্রী এসব কথা বলেন। পরে সাংবাদিকদের ব্রিফিংকালে এ তথ্য জানান তিনি। স্বাস্থ্যমন্ত্রী বলেন, 'ডিসিরা আমাদের জানিয়েছেন, অনেক জায়গায় জনবল নেই, বেডের সংখ্যা থেকে রোগীর সংখ্যা বেশি, খরচের অনুপাতে অর্থ বরাদ্দ নেই। তাদের সব বিষয় আমরা শুনেছি, এসব বিষয়ে যথাযথ ব্যবস্থা নেওয়ার চেষ্টা করব বলে জানিয়েছি।' জনপ্রশাসনের দেওয়া পদ অনুযায়ী জনবল নিয়োগে আপনাদের কত সময় লাগবে, সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'আমরা সম্প্রতি জনপ্রশাসনের সঙ্গে বৈঠক করেছি। আমরা ব্যবস্থা নিচ্ছি, একটু সময় লাগবে সব শেষ করতে। পর্যায়ক্রমে আমরা ব্যবস্থা নিচ্ছি।' মন্ত্রী বলেন, 'অতিরিক্ত রোগী থাকা ও জনবলের অভাবে সাধারণ চিকিৎসা ব্যবস্থা ব্যাহত হয় বলে জানিয়েছেন ডিসিরা। আমরা আশ্বাস দিয়েছি আগে আমি একা ছিলাম এখন আমার সঙ্গে প্রতিমন্ত্রী আছেন। সবাই মিলে একসঙ্গে কাজ করে পর্যায়ক্রমে এসব সমস্যা সমাধান করব। রাতারাতি সম্ভব না।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ প্রতীক)

## দুর্নীতি নির্মূলের চেষ্টা করব : সমবায় প্রতিমন্ত্রী

ছোট-বড় যেকোনো দুর্নীতি নির্মূল করার চেষ্টা করবেন বলে জানিয়েছেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিমন্ত্রী মোঃ আব্দুল ওয়াদুদ। রোববার, ৩রা মার্চ দুপুরে সচিবালয়ে নিজ দফতরে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। চ্যালেঞ্জ মোকাবিলায় বড় বাধা দুর্নীতি, সেটি রোধে পরিকল্পনা কী, জানতে চাইলে প্রতিমন্ত্রী বলেন, 'সাম্রাজ্যবাদীদের থাবায় পড়লে মুক্তবাজার অর্থনীতি দুর্নীতিকে উৎসাহিত করে। বঙ্গবন্ধু চেয়েছিলেন সমতার বাংলাদেশ গড়তে, আমরা পারিনি। বঙ্গবন্ধুকে যারা হত্যা করে দেশ দখল করেছিল তারা শিক্ষা ছাড়া একটি মুক্তবাজার অর্থনীতি গড়ে তুলেছিল। তখন আমরা শিক্ষিত ছিলাম না। এখন শিক্ষিত হয়েছি। এখন মুক্তবাজারকে জয় করতে পারব। নিশ্চিয় দুর্নীতিকে চিহ্নিত করতে হবে, সেটি ছোট-বড় যে দুর্নীতিই হোক। যে-কোনো দুর্নীতিকে নির্মূল করার চেষ্টা করব।' তিনি বলেন, 'এই বিভাগের চ্যালেঞ্জ গোটা বাংলাদেশ গঠনের চ্যালেঞ্জ। এই বিভাগ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একটা বিরাট স্বপ্ন এবং চ্যালেঞ্জ ছিল। স্বাধীনতা পরবর্তী বাংলাদেশকে কীভাবে দ্রুত সময়ের মধ্যে অভাব অভিযোগ মিটিয়ে এই মোটামুটি দাঁড় করানো যায় সেটির চেষ্টা করেছিলেন এবং সফলও হয়েছিলেন।' আব্দুল ওয়াদুদ বলেন, 'সমবায় সমিতি ভিত্তিক একটি বাংলাদেশ যেটি জাতির পিতা স্বপ্ন দেখেছিলেন, সেটি বাস্তবায়ন সবচেয়ে বড় চ্যালেঞ্জ এবং সবচেয়ে বড় কঠিন কাজ হয়ে দাঁড়িয়েছে। কারণ মুক্তবাজার অর্থনীতির এ সময়ে বিদেশি শক্তি বলেন আর অর্থনৈতিক সাম্রাজ্যবাদী শক্তি বলেন, তারা থাবা দিয়ে ধরে গরিবদের গ্রাস করার জন্য। আমার গ্রামের মানুষ অধিকাংশই গরিব, যাদের স্বচ্ছলতা কেবল আসতে শুরু করেছে।' তিনি আরো বলেন, 'সমবায় যারা গঠন করেছিল তাদের অবস্থান কী আমার আগে জানতে হবে। কোথায় কী আছে না আছে জানবো। সমবায় সমিতির মাধ্যমে সারাদেশে আমাদের বিপুল পরিমাণ সম্পদ রয়ে গেছে ওই সময়ে, সেগুলো উদ্ধার করতে হবে। সেগুলোর যেন যথাযথ প্রয়োগ হয় ও জনকল্যাণে হয় সেটি দেখতে হবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ প্রতীক)

## ১২ বছরে প্রাথমিকে ২ লাখ ৩৮ হাজার ৫৭৯ জন শিক্ষক নিয়োগ: প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী

গত ১২ বছরে প্রাথমিক বিদ্যালয়ে ২ লাখ ৩৮ হাজার ৫৭৯ জন শিক্ষক-শিক্ষিকা নিয়োগ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী রুমানা আলী। রোববার, ৩রা মার্চ জাতীয় সংসদ অধিবেশনের প্রশ্নোত্তর পর্বে এম আবদুল লতিফের লিখিত প্রশ্নের উত্তরে তিনি এ কথা বলেন। অধিবেশনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সভাপতিত্ব করেন। প্রতিমন্ত্রী বলেন, 'গত একযুগে প্রাথমিক বিদ্যালয়ের জন্য প্রধান শিক্ষক ৫ হাজার ২০৫ জন এবং সহকারী শিক্ষক ২ লাখ ৩৩ হাজার ৩৭৪ জনসহ মোট ২ লাখ ৩৮ হাজার ৫৭৯ জন শিক্ষক-শিক্ষিকা নিয়োগ দেওয়া হয়েছে। এই সময়ে বেসরকারি ও রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের ১ লাখ ৪ হাজার ৮৭৫ জন শিক্ষক-শিক্ষিকার চাকরি সরকারিকরণ করা হয়েছে।' নোয়াখালী-৩ আসনের এমপি মোঃ মামুনুর রশীদ কিরনের অপর এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, '২০১৩ সালে প্রধানমন্ত্রী বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ ঘোষণার পর আর কোনো বেসরকারি প্রাথমিক বিদ্যালয় রেজিস্ট্রেশন দেওয়া হয়নি। বর্তমানে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন নীতিমালা-২০২৩ প্রণয়ন করা হয়েছে। নীতিমালার আলোকে সকল বেসরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহকে নিবন্ধনের আওতায় আনার কার্যক্রম চলমান। তবে গত ১৪ বছরে নোয়াখালী জেলার ৩১ বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ করা হয়েছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ প্রতীক)

## জ্বালানি তেলের দাম কমতে পারে : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী

বিশ্ব বাজারের সঙ্গে সামঞ্জস্য রেখে চলতি সপ্তাহে দেশে জ্বালানি তেলের দাম সমন্বয় করবে সরকার। সেখানে তেলের দাম কমতে পারে। রোববার, ৩রা মার্চ সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ এ কথা বলেন। গত ২৯শে ফেব্রুয়ারি জ্বালানি তেলের স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণের সূত্র নির্ধারণ করে নির্দেশিকা প্রকাশ করেছে জ্বালানি বিভাগ। প্রতিমন্ত্রী বলেন, 'কয়েক দিনের মধ্যে জ্বালানি তেলের দাম সমন্বয় হতে পারে। প্রস্তাব অনুমোদনের আগে নিশ্চিত করে বলা যাচ্ছে না। তবে সাশ্রয়ী মূল্যে জ্বালানি তেল সরবরাহের আশা করা হচ্ছে।' দাম কেমন কমতে পারে, জানতে চাইলে তিনি বলেন, 'সূত্র অনুসারে যা আসবে, সেটাই নতুন দাম হবে।' তিনি বলেন, 'আগে সংস্থাগুলোকে বলা হতো বিশ্ববাজারে দাম কমলে কেন কমানো হয় না। এখন বিষয়টি নিশ্চিত হয়ে গেছে, নিয়মিত সমন্বয় হবে। দাম যদি বিশ্ববাজারে আবার বাড়ে তখন ওইভাবে সমন্বয় হবে। আগামী মাসে যদি আরো কমে দেশেও কমানো হবে।' জ্বালানি তেলের দাম সমন্বয়ের প্রস্তাব প্রধানমন্ত্রীর অনুমোদনের অপেক্ষায় রয়েছে বলেও জানিয়েছেন তিনি। জ্বালানি তেলের দাম কমলে পরিবহন ভাড়া কমবে কি না, জানতে চাইলে জ্বালানি প্রতিমন্ত্রী বলেন, 'জ্বালানি তেলের সঙ্গে যেসব খাত জড়িত, তাদেরও সমন্বয় করতে হবে। যেসব সংস্থা তাদের তদারকির দায়িত্বে আছে তাদেরও বিষয়টি নিয়মের মধ্যে নেওয়া উচিত। জ্বালানি তেলের দাম ৫ শতাংশ বাড়ানো হলে পরিবহনভাড়া ১৫ থেকে ২০ শতাংশ বাড়ানো হয়। এটা ঠিক নয়।' প্রতি মাসে যদি জ্বালানি তেলের দাম নির্ধারণ করা হয় তাহলে পরিবহনসহ সংশ্লিষ্ট সব খাতেও এটা সমন্বয় করা উচিত বলেও জানান নসরুল হামিদ।

(জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ প্রতীক)

## মহামারির পর অর্থনৈতিক স্থিতিশীলতা প্রধানমন্ত্রীর দক্ষতার ফসল : অর্থ প্রতিমন্ত্রী

বৈশ্বিক মহামারি, করোনা পরবর্তী সময়েও বাংলাদেশে যে অর্থনৈতিক স্থিতিশীলতা ও গড় প্রবৃদ্ধি বিরাজমান তা প্রধানমন্ত্রীর দক্ষতার ফসল বলে মন্তব্য করেছেন অর্থ প্রতিমন্ত্রী ওয়াসিকা আয়েশা খানম। রোববার, ৩রা মার্চ সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আলোচনাকালে তিনি এ কথা বলেন। অধিবেশনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সভাপতিত্ব করেন। প্রতিমন্ত্রী বলেন, 'দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ছিল সর্বতভাবে অংশগ্রহণমূলক। এই নির্বাচনে জয় হয়েছে গণতন্ত্রের, জয় হয়েছে দেশের জনগণের। এ নির্বাচন জাতীয় ও আন্তর্জাতিকভাবে প্রশংসিত হয়েছে।' তিনি বলেন, 'বৈশ্বিক মহামারি, করোনা পরবর্তী সময়েও বাংলাদেশে যে অর্থনৈতিক স্থিতিশীলতা, গড় প্রবৃদ্ধি বিরাজমান তা প্রধানমন্ত্রীর দক্ষতার ফসল। বিশ্ব যখন যুদ্ধবিধ্বস্ত, ইউক্রেন-রাশিয়া, গাজা- ইসরাইলের কারণে সারাবিশ্বে টালটামাল অবস্থা, সেখানে বাংলাদেশে অনেকাংশে স্থিতিশীল পরিস্থিতি বিরাজ করছে। অর্থনৈতিক পরিস্থিতি স্থিতিশীল আছে, সেজন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদক্ষ দেশ পরিচালনা প্রশংসনীয়। আয় বাড়া, রফতানি আয় বাড়া, বয়স্ক ভাতা, নারী ও শিশুদের ভাতা, ১৮ বছরের ওপরের মানুষের জন্য সর্বজনীন পেনশন ভাতা, এসবই প্রধানমন্ত্রীর জন্য সম্ভব হয়েছে।' ওয়াসিকা আয়েশা খানম বলেন, 'সব নাগরিককে এই পেনশনের আওতায় আনার মধ্যদিয়ে দেশের সব নাগরিকের বৈষম্য হ্রাস করা, বঙ্গবন্ধু বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠার মাধ্যমে যে বৈষম্যহীন দেশ গঠনের ডাক দিয়েছিলেন, তারই ধারাবাহিকতায় শেখ হাসিনা দেশের বয়স্ক নাগরিকদের একটি নিরাপত্তা কাঠামোর আওতায় আনার উদ্যোগ নেন।' সর্বজনীন পেনশনের বিষয়ে তিনি বলেন, 'এ উদ্যোগের ফলে সবার জন্য সমান সুযোগ সৃষ্টির মাধ্যমে ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা হবে। এরই ধারাবাহিকতায় সর্বজনীন পেনশন আইন-২০২৩ প্রতিষ্ঠিত হয়। এটি প্রধানমন্ত্রীর নেয়া সারাদেশে একটি যুগান্তকারী পদক্ষেপ, যা সব নাগরিকের অবসরকালীন আর্থিক সনদ হিসেবে বিবেচিত হবে।' তিনি আরো বলেন, 'রাষ্ট্র কেবল জিডিপির প্রবৃদ্ধি ও মাথাপিছু আয় দ্বারা নির্ধারিত করা যায় না। নাগরিকদের সামাজিক ও আর্থিক নিরাপত্তা যেকোনো দেশে নাগরিকের আর্থিক নিরাপত্তা দ্বারা বিবেচিত হয়ে থাকে।' তিনি বলেন, 'লাখো প্রাণের বিনিময়ে আমরা পেয়েছি একটি স্বাধীন-সার্বভৌম দেশ। আমাদের পরম কর্তব্য প্রধানমন্ত্রীর সেই হাতকে শক্ত করা।

সবার সম্মিলিত প্রচেষ্টায় ও প্রধানমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টায় আমরা দেশের সব পরিকল্পণা বাস্তবায়ন করব।' এজন্য প্রতিমন্ত্রী সব নাগরিককে কঠোর পরিশ্রম করে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার বঙ্গবন্ধুর সেই আহ্বানের কথা স্মরণ করেন। জাতি গঠনে আত্মত্যাগের মহিমায় মহিমান্বিত হাওয়ার বঙ্গবন্ধুর সেই আহ্বানকে স্মরণ করে তিনি বলেন, 'মুক্তিযুদ্ধে আমরা যে সাহসিকতা ও তেজোদীপ্ততার পরিচয় দিয়েছিলাম আজও সেভাবে নিজেদের নিয়োজিত করতে হবে। দেশকে বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশে রূপ দিতে হবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ প্রতীক)

**অভিজ্ঞতা আছে, চ্যালেঞ্জ হিসেবে দেখছেন না শ্রম প্রতিমন্ত্রী**

শ্রম ও কর্মসংস্থান সম্পর্কে অভিজ্ঞতা আছে, তাই মন্ত্রণালয়ের দায়িত্বকে চ্যালেঞ্জ হিসেবে দেখছেন না শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মোঃ নজরুল ইসলাম চৌধুরী। রোববার, ৩রা মার্চ দুপুরে সচিবালয়ে নিজ দফতরে সাংবাদিকদের তিনি একথা বলেন। তিনি বলেন, 'পাঁচ বছর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির সদস্য হয়ে দায়িত্ব পালন করেছি। এই মন্ত্রণালয়ের কাজ সম্পর্কে আগে থেকেই আমার অভিজ্ঞতা আছে। তাই এত বড় মন্ত্রণালয়ের দায়িত্বকে চ্যালেঞ্জ হিসেবে দেখছি না।' প্রতিমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী যে বিশ্বাস নিয়ে আমাকে এই দায়িত্ব দিয়েছেন, সেটা আমি পালন করতে পারবো, সে আত্মবিশ্বাস আছে আমার।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ প্রতীক)

**নির্বাচন বানচালের চক্রান্ত প্রধানমন্ত্রীর দক্ষতায় ব্যর্থ হয়েছে : মেহের আফরোজ চুমকি**

যারা নির্বাচন বানচালের চেষ্টা করেছিল প্রধানমন্ত্রীর দক্ষতায় সে চক্রান্ত ব্যর্থ হয়েছে বলে মন্তব্য করেছেন সাবেক মহিলা ও শিশু প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। রোববার, ৩রা মার্চ সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আলোচনাকালে তিনি এ কথা বলেন। অধিবেশনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সভাপতিত্ব করেন। মেহের আফরোজ চুমকি বলেন, 'বিশ্বে আজ বাংলাদেশ উন্নয়নের রোল মডেল। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদক্ষ দেশ পরিচালনায় শতবাধা পেরিয়ে দেশ আজ এগিয়ে যাচ্ছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এ দেশ স্বাধীন করেছিলেন বলেই আজ আমি এখানে কথা বলার সুযোগ পাচ্ছি।' তিনি বলেন, 'যারা দেশ স্বাধীনতায় বিরোধিতা করেছিল, যারা নির্বাচনে বাধা দিয়েছিল, নির্বাচন বানচালের চেষ্টা করেছিল, প্রধানমন্ত্রীর দক্ষতায় তাদের সে চক্রান্তে ব্যর্থ হয়েছে। আমরা এগিয়ে যাচ্ছি, এগিয়ে যাবো। এসময় বেইলি রোডে অগ্নিকাণ্ডে হতাহতের ঘটনায় শোক প্রকাশ করেন তিনি।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ প্রতীক)

**আবারো বাড়লো এলপিজির দাম**

আবারো বাড়লো তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস, এলপিজির সিলিন্ডারের দাম। ভোক্তা পর্যায়ে ১২ কেজির প্রতিটি সিলিন্ডারের দাম ৮ টাকা বাড়িয়ে এক হাজার ৪৮২ টাকা নির্ধারণ করেছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, বিইআরসি। রোববার, ৩রা মার্চ বিকেল ৩টায় বিইআরসির কার্যালয়ে নতুন দর ঘোষণা করেন সংস্থাটির চেয়ারম্যান মোঃ নুরুল আমিন। আজ সন্ধ্যা থেকেই নতুন দাম কার্যকর হবে। এছাড়া ভোক্তা পর্যায়ে বোতলজাত এলপিজির ৫ দশমিক ৫ কেজির দাম ৬৭৬ থেকে বেড়ে ৬৭৯ টাকা, সাড়ে ১২ কেজি ১ হাজার ৫৩৬ থেকে বেড়ে ১ হাজার ৫৪৪ টাকা, ১৫ কেজি ১ হাজার ৮৪৩ থেকে বেড়ে ১ হাজার ৮৫৩ টাকা, ১৬ কেজি ১ হাজার ৯৬৬ থেকে বেড়ে ১ হাজার ৯৭৬, ১৮ কেজি ২ হাজার ২১১ থেকে বেড়ে ২ হাজার ২২৩ টাকা, ২০ কেজি ২ হাজার ৪৫৭ থেকে বেড়ে ২ হাজার ৪৭০ টাকা, ২২ কেজি ২ হাজার ৭০৩ থেকে বেড়ে ২ হাজার ৭১৭ টাকা, ২৫ কেজি ৩ হাজার ৭২ থেকে বেড়ে ৩ হাজার ৮৮ টাকা, ৩০ কেজি ৩ হাজার ৬৮৬ থেকে বেড়ে ৩ হাজার ৭০৬ টাকা, ৩৩ কেজি ৪ হাজার ৫৪ থেকে বেড়ে ৪ হাজার ৭৬ টাকা, ৩৫ কেজি ৪ হাজার ৩০০ থেকে বেড়ে ৪ হাজার ৩২৩ ও ৪৫ কেজির এলপিজির দাম ৫ হাজার ৫২৯ থেকে বেড়ে ৫ হাজার ৫৫৮ টাকা হয়েছে। বিইআরসির ঘোষণায় বলা হয়, রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজির ভোক্তা পর্যায়ে মূসকসহ মূল্য প্রতি কেজি ১১৯ দশমিক ৬৯ টাকায় এবং গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজির ভোক্তা পর্যায়ে মূসকসহ মূল্য প্রতি লিটার শূন্য দশমিক ২৬৬০ টাকায় বা প্রতি ঘনমিটার ২৬৬ টাকায় সমন্বয় করা হয়েছে। এছাড়া ভোক্তা পর্যায়ে অটোগ্যাসের মূসকসহ মূল্য প্রতি লিটার ৬৮ দশমিক শূন্য ৫ টাকায় সমন্বয় করা হয়েছে। বিইআরসির চেয়ারম্যান মোঃ নুরুল আমিন বলেন, 'ডলারের দাম না বাড়লেও জাহাজ ভাড়া বাড়ার কারণে এলপিজির দাম বাড়ানো হয়েছে।' গত ফেব্রুয়ারিতে ভোক্তা পর্যায়ে ১২ কেজির প্রতিটি সিলিন্ডারের দাম ৪১ টাকা বাড়িয়ে এক হাজার ৪৭৪ টাকা নির্ধারণ করেছিল বিইআরসি।
(জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৩.২০২৪ প্রতীক)

# BBC

**ISRAELI HOSTAGES STATUS HANGS OVER GAZA TRUCE TALKS**

Mediators and Hamas have arrived in the Egyptian capital, Cairo, for talks on a new ceasefire, as Israel is reported to be demanding reassurance on the hostages fate before attending. An unnamed US official has said Israel has "more or less accepted" the deal. But Israeli media say Hamas is refusing to say which of its hostages are still alive, so Israel will not attend. The US says the six-week pause would see the release of more Israeli hostages and Palestinian prisoners. Pressure for a deal intensified after Thursday's incident outside

Gaza City in the north of the territory where at least 112 people were killed as crowds rushed an aid convoy. (BBC Web Page: 03/03/24, FARUK)

**SHEHBAZ SHARIF WINS SECOND TERM AS PAKISTAN PM**

Pakistan's newly formed parliament has elected Shehbaz Sharif as prime minister for a second term. He defeated a rival supported by jailed former Prime Minister Imran Khan. The move comes three weeks after an inconclusive general election that was marred by allegations of intimidation and vote-rigging. Mr Sharif's PML-N party came second in the poll. Independent candidates backed by Mr Khan's PTI won the most seats but failed to get a majority. On Sunday, National Assembly Speaker Ayaz Sadiq announced that Mr Sharif had secured 201 parliamentary votes. He needed 169 to be elected prime minister.
(BBC Web Page: 03/03/24, FARUK)

**GAZANS CROWDFUND THOUSANDS FOR UNCERTAIN ESCAPE**

As deadly Israeli bombardments and acute food shortages continue, and a threatened Israeli military operation in southern Gaza looms, more and more Palestinians are seeking a way out - if they can find the money for it. The uncertain exit requires people to pay thousands of dollars and navigate scammers and misinformation to get their names onto a list of people approved to leave via the Rafah crossing to Egypt. The crossing is closed to the vast majority of people under an Egyptian-Israeli blockade against Hamas. Only some foreign passport holders and their defenders have been able to leave, as well as some seriously wounded and sick people and those accompanying them.
(BBC Web Page: 03/03/24, FARUK)

**GAZA RECEIVES FIRST AIRDROP OF US HUMANITARIAN AID**

The US has carried out its first airdrop of humanitarian aid for Gaza, with more than 30,000 meals parachuted in by three military planes. The operation, carried out jointly with Jordan's Air Force, was the first of many announced by President Joe Biden. The head of a well-known aid organization told the BBC he thought there was a famine in northern Gaza. At least 112 people were killed as crowds rushed to an aid convoy outside Gaza City on Thursday. (BBC Web Page: 03/03/24, FARUK)

**FRANCE TO ENSHRINE ABORTION RIGHT IN CONSTITUTION**

France is preparing to become the first country in the world to put the right to abortion in its constitution. On Monday, parliamentarians from the upper and lower chambers will meet in special session in the Palace of Versailles, summoned by President Emmanuel Macron. If, as expected, they vote for the government's motion by a three-fifths majority, then the country's 1958 constitution will be revised to enshrine women's "guaranteed freedom" to abort. It will be the 25th amendment to the Fifth Republic's founding document, and the first since 2008. (BBC Web Page: 03/03/24, FARUK)

**UKRAINE APPEALS TO WEST AS DEADLY DRONE HITS ODESA**

Ukrainian President Volodymyr Zelensky had called on Western allies to deliver more air defence systems after at least eight people were killed in a Russian drone strike on Odesa. A four-month-old baby and a three-year-old child were among the victims of the overnight strike on Ukraine's southern city, local officials said. "Russia continues to wage war on civilians," President Zelensky said. Russian troops have recently made gains in Ukraine which faces arms shortages. Ukraine's commander-in-chief has signalled he will replace some military leaders on the eastern front. (BBC Web Page: 03/03/24, FARUK)

**US-OWNED SHIP HIT BY HOUTHIS SINKS OFF YEMEN COAST**

A British-registered cargo ship has sunk two weeks after being attacked by Houthis in the Gulf of Aden. Yemen's government said the Rubymar was drifting and taking on water for days before it sank. It is the first ship to have been sunk by the Iran-backed rebels in Yemen since they began targeting vessels in the Red Sea. The ship was reportedly carrying fertilizers and experts say the sinking risks an environmental catastrophe. The Rubymar was in the Gulf of Aden near the Bab al-Mandeb Strait when it was hit by two missiles fired by Yemen-based Houthi rebels. (BBC Web Page: 03/03/24, FARUK)

**BURKINA FASO SAYS 170 DEAD IN VILLAGE EXECUTIONS**

Some 170 people including women and children have been executed in attacks on three villages in Burkina Faso, a public prosecutor has said. Aly Benjamin Coulibaly appealed for witnesses to help find those who attacked Komsilga, Nordin and Soro. Separately, army chiefs warned of the increased risk of attacks by militants, including attacks on urban

centres. The country's army seized power in 2022, but more than a third of Burkina Faso is controlled by insurgents. (BBC Web Page: 03/03/24, FARUK)

**:: The End ::**